স্ফটিকের স্বাভাবিক শুক্লবর্ণ দেখা যায়, সেইরূপ পুরুষের দুঃখ প্রকৃতির সহিত সম্বন্ধপ্রযুক্ত আরোপিত; প্রকৃতিসম্বন্ধ ছুটিয়া যাইলেই দুঃখনিবৃত্তি হয়; সুতরাং প্রকৃত পক্ষে পুরুষ কৈবল্যযুক্ত। এই কারণেই পুরুষ মধ্যস্থ, দুঃখে দ্বেষ বা সুখে অনুরাগ তাঁহার স্বাভাবিক নহে; কেন না, সুখ-দুঃখ তাঁহার সহিত নিঃসম্পর্ক, নিঃসম্পর্ক বস্তুর উপর দ্বেষ বা অনুরাগ হয় না। পুরুষ অবিবেকী * নহেন, অর্থাৎ প্রকৃতি হইতে তাঁহার আত্যন্তিক ভেদ আছে এবং তাঁহার অবস্থাপরিবর্ত্তন ঘটে না, এই জন্য তিনি কর্ত্তা নহেন। কর্ত্তা হইতে হইলেই যত্ন চাই—যত্ন চিরস্থায়ী ধর্ম্ম নহে, যত্নের তরঙ্গ কখন উঠে, কখন পড়ে, যত্ন পুরুষের স্বাভাবিক অবস্থা হইলে, পুরুষকে অবশ্যই পরিবর্ত্তনশীল বলিতে হইত, পরিবর্ত্তনশীল হইলে প্রকৃতির সহিত অত্যন্ত ভেদও থাকিত না। ১৯।

তত্ত্বকৌমুদী।

তস্মাচ্চেতি চঃ পুরুষস্য বহুত্বেন সহ ধর্ম্মান্তরাণি সমুচ্চিনোতি। বিপর্য্যাসাদস্মাদিত্যুক্তে ত্রৈগুণ্যবিপর্য্যয়াদিত্যনন্তরোক্তং সম্বধ্যেত, অতস্তন্নিরাসায় তস্মাদিত্যুক্তম্। অনন্তরোক্তং হি সন্নিধানাদিদমো বিষয়ঃ, বিপ্রকৃষ্টঞ্চ তদ ইতি, বিপ্রকৃষ্টং ত্রিগুণমবিবেকীত্যাদি সম্বধ্যতে। তস্মাৎ ত্রিগুণাদের্যো বিপর্য্যাসঃ স পুরুষস্য অত্রৈগুণ্যত্বং, বিবেকিত্বম্, অবিষয়ত্বম্, অসাধারণত্বং, চেতনত্বম্, অপ্রসবধর্ম্মিত্বঞ্চ। তত্র চেতনত্বেন অবিষয়ত্বেন চ সাক্ষিত্বদ্রষ্টৃত্বে দর্শিতে, চেতনো হি দ্রষ্টা ভবতি নাচেতনঃ, সাক্ষী চ দর্শিতবিষয়ো ভবতি, যস্মৈ প্রদর্শ্যতে বিষয়ঃ সঃ সাক্ষী, যথা হি লোকে অর্থি-প্রত্যর্থিনৌ বিবাদ-বিষয়ং সাক্ষিণে দর্শয়তঃ, এবং প্রকৃতিরপি স্বচরিতং বিষয়ং পুরুষায় দর্শয়তীতি পুরুষঃ সাক্ষী। ন চাচেতনো বিষয়ো বা শক্যো বিষয়ং দর্শয়িতুমিতি চৈতন্যাদবিষয়ত্বাচ্চ ভবতি সাক্ষী, অতএব দ্রষ্টাপি ভবতি। অত্রৈগুণ্যাচ্চ কৈবল্যম্ আত্যন্তিকো দুঃখত্রয়াভাবঃ কৈবল্যং, তচ্চ তস্য স্বাভাবিকাদেবাত্রৈগুণ্যাৎ সুখ-দুঃখ-মোহ-রহিতত্বাৎ সিদ্ধম্। অতএবাত্রৈগুণ্যাৎ মাধ্যস্থং, সুখী হি সুখেন তৃপ্যন্ দুঃখী হি দুঃখং দ্বিষন্ ন মধ্যস্থো ভবতি, তদুভয়-রহিতস্তু মধ্যস্থ ইত্যুদাসীন ইতি চাখ্যায়তে। বিবেকিত্বাদপ্রসব-ধর্ম্মিত্বাচ্চ অকর্ত্তেতি সিদ্ধম॥ ১৯॥

---

* 'অবিবেকী' যিনি মিলিত হইয়া কার্য্য করেন না, তাঁহাকে অবিবেকী বলা হয়—ইহা টীকার কল্পান্তরের অর্থ।

পূর্ণিমা।

তস্মাচ্চেতি। তস্মাদিতি ন বিপর্য্যাসবিশেষণং কিন্তু তৎপ্রতিযোগীত্যাহ—ত্রিগুণাদেরিতি। পুরুষো দ্রষ্টা চেতনত্বাদিত্যাদিরূপো ন্যায়প্রয়োগঃ। বিপর্য্যাসাদিতি হেতৌ পঞ্চমী। দ্রষ্টৃত্বসাক্ষিত্বাদীনাং মিথোবৈলক্ষণ্যং প্রকাশয়তি সাক্ষীচেত্যাদিনা। ইত্যূনবিংশকারিকার্থবিবৃতিঃ॥ ১৯॥

তত্ত্বকৌমুদী।

স্যাদেতৎ,প্রমাণেন কর্ত্তব্যমর্থমবগম্য চেতনোঽহং চিকীর্ষন্ করোমীতি কৃতিচৈতন্যয়োঃ সামানাধিকরণ্যমনুভবসিদ্ধং, তদেতস্মিন্মতে নাবকল্পতে চেতনস্যাকর্তৃত্বাৎ কর্ত্তুশ্চাচৈতন্যাদিত্যত আহ।

তস্মাৎ তৎসংযোগাদচেতনং চেতনাদিব লিঙ্গম্।
গুণ-কর্ত্তৃত্বে চ তথা কর্ত্তেব ভবত্যুদাসীনঃ ২০

অনুবাদ।

অতএব মহত্তত্ত্ব প্রভৃতি অচেতন বস্তু পুরুষের সন্নিধান বশতঃ চেতনের ন্যায় হইয়া থাকে, এবং কর্ত্তৃত্ব (পুরুষে না থাকিয়া) গুণে থাকিলেও (সেই সন্নিধান বশতই) পুরুষ কর্ত্তার ন্যায় হইয়া থাকেন॥ ২০

ব্যাখ্যা।

মহত্তত্ত্ব প্রভৃতি সূক্ষ্মভূত পর্য্যন্ত এক একটী সমষ্টি ও এক একটি পুরুষ, অনাদি অদৃষ্টসূত্রে সূর্য্যাভিমুখ দর্পণ ও সূর্য্যের ন্যায় পরস্পর সন্নিহিত, যেমন দর্পণে তেজ না থাকিলেও সূর্য্যের প্রতিবিম্বে দর্পণ তেজস্বী, সূর্য্যে মলিনতা বা চঞ্চলতা না থাকিলেও দর্পণের মলিনতা বা আন্দোলনে প্রতিবিম্ব-সূর্য্যও মলিন এবং চঞ্চল হইয়া থাকে, সেইরূপ বুদ্ধি অচেতন হইলেও চেতন-পুরুষসন্নিধানে চেতন হইয়া থাকে এবং কর্ত্তৃত্বযুক্ত বুদ্ধি-প্রতিবিম্বিত পুরুষ কর্ত্তৃত্বশূন্য হইলেও কর্ত্তা বলিয়া প্রতীয়মান হন। বস্তুতঃ চেতনত্ব কর্ত্তৃত্ব একবস্তুর ধর্ম্ম নহে। সুতরাং আমি কর্ত্তা বলিয়া যে জ্ঞান হয়—তাহা ভ্রম॥ ২০॥

তত্ত্বকৌমুদী।

যতশ্চৈতন্যকর্ত্তৃত্বে ভিন্নাধিকরণে যুক্তিতঃ সিদ্ধে, তস্মাৎ ভ্রান্তিরিয়মিত্যর্থঃ। লিঙ্গং মহদাদি সূক্ষ্মপর্য্যন্তং বক্ষ্যতি। ভ্রান্তিবীজং তৎসংযোগস্তৎসন্নিধানম্। অতিরোহিতার্থমন্যৎ॥ ২০॥

পূর্ণিমা।

যত ইতি। চৈতন্যং প্রকাশত্বং তদ্ধি পুরুষস্য কর্ত্তৃত্বঞ্চ গুণানাং ইতি তে তত্ত্বতো ভিন্নাধিকরণে ভবতঃ। বক্ষ্যতি চত্বারিংশকারিকায়ামিতি শেষঃ। ইতি বিংশকারিকার্থবিবৃতিঃ ॥ ২০ ॥

তত্ত্বকৌমুদী।

তৎসংযোগাদিত্যুক্তং, নচ ভিন্নয়োঃ সংযোগোঽপেক্ষাং বিনা নচেয়মুপকার্য্যোপকারকভাবং বিনেত্যপেক্ষাহেতুমুপকারমাহ।

পুরুষস্য দর্শনার্থং কৈবল্যার্থং তথা প্রধানস্য।
পঙ্গ্বন্ধবদুভয়োরপি সংযোগস্তৎকৃতঃ সর্গঃ ॥ ২১ ॥

অনুবাদ।

পুরুষকর্ত্তৃক প্রকৃতির যে ভোগ এবং পুরুষের যে মুক্তি, তদুভয়ের জন্য পঙ্গু এবং অন্ধের ন্যায় প্রকৃতি-পুরুষের সম্বন্ধ, সেই সম্বন্ধ বশতই মহত্তত্ত্বসৃষ্টি হইয়া থাকে ॥ ২১ ॥

ব্যাখ্যা।

ভোগ এবং মুক্তি পুরুষার্থ। পুরুষার্থ দুই প্রকার—ব্যক্ত এবং অব্যক্ত। অব্যক্ত বা অনাগতাবস্থ পুরুষার্থ, অদৃষ্টের নামান্তর। পুরুষার্থ অনাদি। এক সৃষ্টি চলিয়াছে, ইহার পূর্ব্বে প্রলয় হইয়া গিয়াছে, সেই প্রলয়ের পূর্ব্বে কত সৃষ্টি-প্রলয় হইয়া গিয়াছে, তাহার ইয়ত্তা নাই, তাহার নূতন করিয়া আরম্ভ নাই। সেই অনাদি পুরুষার্থ, প্রকৃতিকে প্রত্যেক পুরুষের সহিত একটী বিশেষ সম্বন্ধে সম্বদ্ধ করিয়া রাখিয়াছে। যখন সেই পুরুষার্থ অভিব্যক্তিপ্রবণ, তখন মহত্তত্ত্ব প্রভৃতির সৃষ্টি হয়,—ইহাই এক এক সৃষ্টির আরম্ভকাল। প্রকৃতির সহিত সম্মিলিত অবস্থায় থাকিয়া পুরুষের সুখ-দুঃখ সাক্ষাৎকার হয়, ইহাই ভোগ। এই সুখ-দুঃখ প্রকৃতিরই স্বরূপ। ভোক্তা না থাকিলে ভোগ নিরর্থক, অতএব ভোক্তার অপেক্ষা ভোগ্য বস্তুতে আছে। তাহার পর দুঃখের তাপ সুখের ছায়া অপেক্ষা অধিক, পুরুষের ইহা বোধ হইলে, মুক্তির আকাঙ্ক্ষা হয়; মুক্তি লাভ করিতে হইলে, প্রকৃতি-পুরুষ যে পরস্পর ভিন্ন, এইরূপ দৃঢ় সাক্ষাৎকার আবশ্যক। সাক্ষাৎকারও বুদ্ধিরই বৃত্তি। বুদ্ধি না হইলে ভোগও হয় না। প্রকৃতি না থাকিলে বুদ্ধি হয় না। সুতরাং প্রকৃতির অপেক্ষাও পুরুষের আছে।

এই পরস্পর অপেক্ষা জন্য অর্থাৎ সেই অদৃষ্ট জন্য---প্রকৃতি পুরুষের সম্বন্ধ। অন্ধ পঙ্গুকে স্কন্ধে করিলে, দর্শনশক্তিসম্পন্ন পঙ্গু এবং চলনশক্তিসম্পন্ন অন্ধ উভয়ে মিলিয়া একটী অবিকলেন্দ্রিয় মানুষের ন্যায় কার্য্য করিতে পারে; সেইরূপ ক্রিয়াশক্তি-হীন চেতন পুরুষ এবং ক্রিয়াশীল অচেতন প্রকৃতি—উভয়ে মিলিত হইয়া এক ক্রিয়াশীল চেতন ব্যক্তির ন্যায় কার্য্য করিয়া থাকেন; সেই কার্য্যই মহত্তত্ত্ব প্রভৃতি। পুরুষের অধিষ্ঠান-সম্বন্ধবশতঃ প্রকৃতির মহত্তত্ত্ব প্রভৃতি পরিণাম হইয়া থাকে। ২১।

তত্ত্বকৌমুদী।

প্রধানস্যেতি কর্ম্মণি ষষ্ঠী, প্রধানস্য সর্ব্বসাধারণস্য যদ্দর্শনং পুরুষেণ তদর্থং, তদনেন ভোগ্যতা প্রধানস্য দর্শিতা, ততশ্চ ভোগ্যং প্রধানং ভোক্তারমন্তরেণ ন সম্ভবতীতি যুক্তাস্য ভোক্তুরপেক্ষা। পুরুষস্যাপেক্ষাং দর্শয়তি পুরুষস্য কৈবল্যার্থং, তথাহি প্রধানেন সম্ভিন্নঃ পুরুষস্তদগতং দুঃখত্রয়ং স্বাত্মন্যভিমন্যমানঃ কৈবল্যং প্রার্থয়তে, তচ্চ সত্ত্ব-পুরুষান্যতাখ্যাতি-নিবন্ধনং, নচ সত্ত্বপুরুষান্যতাখ্যাতিঃ প্রধান-মন্তরেণেতি কৈবল্যার্থং পুরুষঃ প্রধানমপেক্ষতে, অনাদিত্বাচ্চ সংযোগ-পরম্পরায়া ভোগায় সংযুক্তোঽপি কৈবল্যায় পুনঃ সংযুজ্যতে ইতি যুক্তম্। নন্বু ভবত্বনয়োঃ সংযোগঃ, মহদাদি-সর্গস্তু কুতস্ত্য ইত্যত আহ তৎকৃতঃ সর্গঃ, সংযোগো হি ন মহদাদি-সর্গমন্তরেণ ভোগায় কৈবল্যায় বা পর্য্যাপ্ত ইতি সংযোগ এব ভোগা-পবর্গার্থং সর্গং করোতীত্যর্থঃ॥ ২১॥

পূর্ণিমা।

কৈবল্যং মুক্তিঃ দুঃখত্রয়াত্যন্তিকনিবৃত্তিরিত্যর্থঃ। সত্ত্বপুরুষান্যতাখ্যাতিরিতি প্রকৃতিসম্বন্ধাসত্ত্বে বুদ্ধিসম্বন্ধাভাবাৎ, বুদ্ধিবৃত্তিফলীভূতায়াঃ সত্ত্বপুরুষান্যতাখ্যাতেঃ সুতরামভাব ইতি ভাবঃ। অনাদিত্বাদিতি স্বজাতীয়াধিকরণক্ষণাবৃত্তিপ্রাগ-ভাবাপ্রতিযোগিত্বমনাদিত্বম্। সংযোগপরম্পরায়া অনাদিত্বাদিত্যস্য যুক্তম্ ইত্যগ্রেণান্বয়ঃ। ইতিশব্দার্থশ্চ ভোগায় সংযুক্তোঽপি কৈবল্যায় পুনঃ সংযুজ্যতে ইতি। সংযোগস্য সংযোগপরম্পরায়া বা সাদিত্বে তু নেদং যুক্তং ভবতি, ভোগ-কৈবল্যয়োঃ সংযোগফলত্বাভ্যুপগমাসম্ভবাৎ। তথাহি আদ্যসংযোগানুৎপত্তি-দশায়াং পুরুষে ব্যক্তোঽব্যক্তো ভোগো বা কৈবল্যং বা ইত্যনয়োরন্যতরদবশ্য-মঙ্গীকর্ত্তব্যম্; তদন্যতরবিরহিণঃ পুরুষস্য সিদ্ধান্তবিরুদ্ধত্বাৎ। এবঞ্চ সংযোগং বিনৈবোৎপন্নস্য ভোগকৈবল্যান্যতরস্য সংযোগফলত্বকথনং নোপপদ্যতেতি ভাবঃ। ইত্যেকবিংশকারিকার্থবিবৃতিঃ॥ ২১॥

সর্গক্রমমাহ।

প্রকৃতের্মহাংস্ততোঽহঙ্কারস্তস্মাদ্গণশ্চ ষোড়শকঃ।
তস্মাদপি ষোড়শকাৎ পঞ্চভ্যঃ পঞ্চ ভূতানি ॥ ২২ ॥

অনুবাদ।

প্রকৃতি হইতে মহত্তত্ত্ব, মহত্তত্ত্ব হইতে অহঙ্কার, অহঙ্কার হইতে ষোড়শ তত্ত্ব,—সেই ষোড়শতত্ত্বের (অপকৃষ্ট) পঞ্চতত্ত্ব হইতে (স্থূল) পঞ্চভূতের উৎপত্তি ।২২।

ব্যাখ্যা।

পুরুষসম্বন্ধযুক্তা প্রকৃতি হইতে মহত্ত্ব প্রভৃতির সৃষ্টি হয়, বলা হইয়াছে, কিন্তু মহত্তত্ত্ব প্রভৃতি বলিতে কি কি বুঝিব? এবং সেই সকল বস্তু এক প্রকৃতি হইতে উৎপন্ন কি না? এই প্রশ্নের উত্তর স্বরূপে উপরি-উক্ত কারিকা বলা হইয়াছে। ষোড়শতত্ত্ব—মন প্রভৃতি একাদশ ইন্দ্রিয় এবং পঞ্চ তন্মাত্র। পঞ্চতন্মাত্রই ষোড়শতত্ত্বের অপকৃষ্ট পঞ্চতত্ত্ব। পঞ্চতন্মাত্র, আকাশাদি পঞ্চভূতের কারণ,—তন্মধ্যে আকাশের একমাত্র কারণ—শব্দতন্মাত্র, বায়ুর সামান্য কারণ—শব্দতন্মাত্র এবং অসাধারণ কারণ স্পর্শতন্মাত্র, তেজের সামান্য কারণ শব্দ-স্পর্শতন্মাত্র এবং অসাধারণ কারণ রূপতন্মাত্র, জলের সামান্য কারণ—শব্দ-স্পর্শ-রূপতন্মাত্র এবং অসাধারণ কারণ রসতন্মাত্র, পৃথিবীর সামান্য কারণ—শব্দ-স্পর্শ-রূপ-রসতন্মাত্র এবং অসাধারণ কারণ গন্ধতন্মাত্র। মতান্তরে আছে—স্পর্শতন্মাত্র আকাশ হইতে উৎপন্ন, রূপতন্মাত্র বায়ু হইতে উৎপন্ন, রসতন্মাত্র তেজ হইতে এবং গন্ধতন্মাত্র জল হইতে উৎপন্ন। এই উভয় মতের সামঞ্জস্য করিতে হইলে বলিতে হয়,—অহঙ্কার পঞ্চতন্মাত্রের উপাদান কারণ, আকাশ স্পর্শতন্মাত্রের নিমিত্ত কারণ ইত্যাদি। অনেকে বলেন বায়ু—আকাশ ও স্পর্শতন্মাত্রের কার্য্য, তেজ—বায়ু এবং রূপতন্মাত্রের কার্য্য ইত্যাদি। স্থূল আকাশ বায়ুর কারণ বলিয়া বায়ুতে শব্দগুণ আছে। এই মতের পোষক প্রমাণ 'আকাশাদ্ বায়ুঃ' ইত্যাদি শ্রুতি। বাচস্পতিমিশ্রমতে সেই শ্রুতিস্থ আকাশ শব্দের অর্থ—শব্দতন্মাত্র, অথবা আকাশ স্পর্শতন্মাত্রের নিমিত্ত কারণ, সেই স্পর্শতন্মাত্র বায়ুর উপাদান কারণ, বায়ু-কারণের কারণ বলিয়া আকাশকে বায়ু-প্রযোজক বলা হইয়াছে। পৃথিবী, জল, তেজ, বায়ু এবং আকাশ স্থূল পঞ্চভূত। ইহার সূক্ষ্মও থাকিতে পারে, কেন না, স্থূলমাত্রেরই সূক্ষ্ম আছে, সূক্ষ্মভূতই পঞ্চ-

তন্মাত্র। কিন্তু তাহার উপর আবার ইন্দ্রিয়, অহঙ্কার, বুদ্ধি, প্রকৃতি, এসব কেন? তাহার উত্তর এই—সমস্ত অঙ্গই পঞ্চভূতে নির্ম্মিত, ইন্দ্রিয়কেও যদি পঞ্চভূতে নির্ম্মিত বল, তাহা হইলে অপরাপর দেহের সঙ্গে ইন্দ্রিয়ের কোন পার্থক্য থাকে না। নিদ্রাবস্থায় পঞ্চভূতময় শরীর বর্ত্তমান, কিন্তু তখন বাগিন্দ্রিয় বাক্‌শক্তিবিহীন, হস্ত বস্তুগ্রহণে অক্ষম, চরণ চলনে অপটু, শ্রোত্র শব্দগ্রহণে পরাঙ্মুখ, ত্বক স্পর্শগ্রহণে অসমর্থ, ঘ্রাণেন্দ্রিয় গন্ধগ্রহণে অক্ষম; এমন কেন হয়?—পঞ্চভূতময় শরীর হইতে ইন্দ্রিয় অন্য প্রকারের বস্তু; শরীর ও শারীরধর্ম্মসত্ত্বেও ইন্দ্রিয় নিষ্ক্রিয়, নিদ্রায় ইন্দ্রিয়শক্তি নিরুদ্ধ, তাই এমন হয়। যাহাদের আলোচনাবৃত্তি এবং ক্রিয়াবৃত্তি নিদ্রাবস্থায় অন্তর্হিত হয় এবং জাগ্রদবস্থায় প্রস্ফুট হয়, যাহাদের বৃত্তি ব্যতীত জীব জ্ঞানশক্তি ও ক্রিয়াশক্তি হইতে একেবারে বঞ্চিত হয়, তাহারাই ইন্দ্রিয়। বেদে এই 'ইন্দ্রিয়কে' পঞ্চভূত হইতে স্বতন্ত্রভাবে উল্লেখ করা আছে। 'এতস্মাজ্জায়তে প্রাণো মনঃ সর্বেন্দ্রিয়াণি চ। খং বায়ুর্জ্যোতিরাপশ্চ পৃথ্বী বিশ্বস্য ধারিণী॥' ইত্যাদি। সুতরাং ইন্দ্রিয় স্থূল দেহের সহিত জড়িত হইলেও স্থূল দেহের উপাদানে তাহার গঠন নহে, ইন্দ্রিয় স্বতন্ত্র বস্তু, ইহা মানিতে হয়। এই ইন্দ্রিয়সকল বহির্বিষয়ে সম্বন্ধযুক্ত হইলেও সকল সময়ে কার্য্যসাধন করে না। মনে কর মিষ্ট সঙ্গীত হইতেছে, তোমার শ্রবণ সেই দিকে আকৃষ্ট, এমন সময় তোমার উন্মীলিত চক্ষুর সম্মুখে [illegible] আলোকে তোমার ভৃত্য চন্দ্রাই লস্কর দাঁড়াইলেও তুমি দেখিতে পাও না। কেন? সে সময়ে চক্ষুরিন্দ্রিয় কেন অসমর্থ হইল? এই প্রশ্নের মীমাংসায় মন স্বীকার করিতে হয়, যে বাহ্য ইন্দ্রিয়, মনের অঙ্কুশে পরিচালিত, সেই [illegible], সেই কার্য্যসাধনে তৎপর, যাহাতে মনের অঙ্কুশ নাই, তাহা জাগরণেও নিদ্রিত। বাহ্য ইন্দ্রিয়ের কার্য্যসাধনে সহকারী বস্তুই মন, অতএব মন মানিতে হইল। কিন্তু স্বপ্ন অবস্থায় মানুষে যে আপনাকে কখন 'আমি বরাহ, আমি ব্যাঘ্র—আমি মানুষ নহি' এইরূপ অনুভব করে, সেই অনুভব কাহার বৃত্তি?—দেহের নহে; কেন না, দেহ অত্যন্ত জড়, জ্ঞানবৃত্তি দেহের ধর্ম্ম হইতে পারে না, তাহা ইন্দ্রিয়ের বৃত্তি নহে, কেন না, ইন্দ্রিয়ের বিষয়সম্বন্ধব্যতীত বৃত্তির উদয় হয় না, বরাহ ব্যাঘ্র তখন সন্নিহিত বিষয় নহে যে, তাহার সহিত ইন্দ্রিয়ের সম্বন্ধ ঘটিবে। যদি বল, মনের সহিত চিন্তিত বিষয়েরও সম্বন্ধ হয়, 'আমি বরাহ' ইত্যাদি অনুভবকে মনোবৃত্তিই বলিব। তাহার উত্তর এই,—মনোবৃত্তির বিষয় নিয়মিত নাই, এই

ঘট, এই পট, এই গ্রাম ইত্যাদি নানা বিষয়ের অনুভব এককালে হইয়া থাকে। কিন্তু আমি নরাহ এই অনুভব যখন হয়, তখন—এমন যে সন্নিহিত মনুষ্যত্ব, তাহারও বাধ নিশ্চয় হইয়া থাকে ; 'আমি মানুষ নহি' এইরূপ জ্ঞান হয়। যে বৃত্তি নিয়মিত বিষয়ে—মাত্র 'আমি'রূপ বিষয়ে আবদ্ধ, তাহা মন নহে, মনের বিষয় অনিয়মিত। 'আমি'-এইরূপ বৃত্তি যাহার হয়, তাহাকে অহঙ্কার বলা যায়। 'ঘট পট' ইত্যাদি বিষয় ও 'আমি' এই দুই আকারের বৃত্তিসম্পন্ন এই দুইটী অন্তঃকরণের উপর আর একটী অন্তঃকরণ আছে,—তাহা বুদ্ধি বা মহত্তত্ত্ব, সুষুপ্তি অবস্থায় যখন মন-অহঙ্কার—ব্যাপারহীন, তখনও যাহার প্রযত্ন অনুমিত হয়, তাহাই মহত্তত্ত্ব। শ্বাস-প্রশ্বাসের অনুকূল প্রযত্ন সুষুপ্তিকালেও থাকে, অথচ তখন অন্য কোন বৃত্তি নাই, মন-অহঙ্কার তখন নিদ্রিত। সেই সময়ে যিনি জাগ্রৎ তিনিই বুদ্ধি। যদি বল,—বুদ্ধি তখন জাগ্রৎ থাকিলে অধ্যবসায় হয় না কেন? তদুত্তরে আমরা বলি, অধ্যবসায় মনোবৃত্তি ও অহঙ্কারবৃত্তির অধীন ;—এই দুই বৃত্তি না হইলে অধ্যবসায়ের অস্তিত্ব বুঝা যায় না,—সুষুপ্তিকালে মনোবৃত্তি প্রভৃতির অভাবেই অধ্যবসায়ের অস্তিত্ব হৃদয়ঙ্গম হয় না, শ্বাস-প্রশ্বাস-প্রযত্ন অনুভূত হয়। এই পর্য্যন্ত স্পষ্ট বিক্ষোভযুক্ত প্রাকৃত সৃষ্টি ; ইহার পর এক সর্ব্বব্যাপী অব্যক্ত সূক্ষ্ম বস্তু আছে,—তাহা হইতে মহত্তত্ত্বের উৎপত্তি। পরিমিত মহত্তত্ত্ব—অনন্ত খণ্ড খণ্ড মহত্তত্ত্ব—অনিত্য না হইয়া পারে না ; খণ্ড খণ্ড অপূর্ণ সাবয়ব বস্তু নিত্য নহে, বুদ্ধিও নিত্য নহে ; অতএব তাহার কারণ আছে, সেই কারণই মূলপ্রকৃতি। আর যিনি জড়বর্গের বহির্ভাগে অবস্থিত, তিনিই পুরুষ। শ্রুতিতে দেখা যায়, প্রথমে এক অখণ্ড সৎ—উপাদান কারণ, তাহাকে সাংখ্যাচার্য্যগণ মূলপ্রকৃতি বলিয়াছেন। তাহার পরই 'তদৈক্ষত' ঈক্ষণ-বৃত্তিযুক্ত বস্তু,—সেটী কি? মহত্তত্ত্ব। তাহার পরেই দেখি 'অহঙ্কার'। প্রাণ (বুদ্ধি) মন (অহঙ্কার ও মন) ও সর্ব্ব ইন্দ্রিয় সৃষ্টির কথাও বেদে আছে ; এই সকল শাস্ত্র ও যুক্তি অনুসারে সাংখ্যাচার্য্য দ্বাবিংশ কারিকা প্রকাশ করিয়াছেন। ২২

তত্ত্বকৌমুদী।

প্রকৃতিরব্যক্তং, মহদহঙ্কারৌ বক্ষ্যমাণলক্ষণৌ, একাদশেন্দ্রিয়াণি বক্ষ্যমাণানি, পঞ্চ তন্মাত্রাণি চ, সোঽয়ং ষোড়শসংখ্যাপরিমিতো গণঃ ষোড়শকঃ। তস্মাদপি ষোড়শকাৎ অপকৃষ্টেভ্যঃ পঞ্চভ্যস্তন্মাত্রেভ্যঃ পঞ্চভূতান্যাকাশাদীনি। তত্র শব্দতন্মাত্রাদাকাশং শব্দগুণম্, শব্দতন্মাত্রসহিতাৎ স্পর্শতন্মাত্রাদ্বায়ুঃ শব্দস্পর্শ-

গুণঃ, শব্দস্পর্শতন্মাত্রসহিতাদ্রূপতন্মাত্রাত্তেজঃ শব্দস্পর্শরূপগুণম্, শব্দস্পর্শরূপতন্মাত্রসহিতাদ্রসতন্মাত্রাদাপঃ শব্দস্পর্শরূপরসগুণাঃ, শব্দস্পর্শরূপরসতন্মাত্রসহিতাদ্গন্ধতন্মাত্রাচ্ছব্দস্পর্শরূপরসগন্ধগুণা পৃথিবী জায়তে ইত্যর্থঃ ॥ ২২ ॥

পূর্ণিমা।

প্রকৃতিরিতি। নন্বস্তু চৈতন্যান্যথানুপপত্ত্যা পুরুষঃ, সন্তু নাম স্থূলানি চ পঞ্চভূতানি স্বয়ং বা স্বধর্ম্মেণ বা প্রত্যক্ষীভবন্তি, সন্তু চ তৎ সূক্ষ্মাণি ক্রমসৌক্ষ্ম্যদর্শনাৎ প্রত্যক্ষকল্পানুমিতিগোচরাণি তন্মাত্রসংজ্ঞকানি ; তথাচাস্তাং তত্রৈব জগদুপাদানত্ববিরতিঃ কিং প্রকৃত্যাদিভিরিতি পৃচ্ছামভিপ্রেত্য প্রকৃত্যাদিসাধনায় প্রমাণমুপদর্শিতং, তদ্দ্রঢীকরণায় পুনরাচার্য্যপাদানামুপদেশং শ্রাবয়ামঃ। তথাহি ভূতান্যচেতনানি পুরুষশ্চেতনঃ, ন খলু চেতনসম্বন্ধমন্তরেণ ভূতানাং জ্ঞানগোচরতা ভবতীতি তদন্যথানুপপত্ত্যা চেতনসম্বন্ধঃ স্বীকর্ত্তব্যঃ। সচ চেতনস্বভাবজঃ প্রকৃতিস্বভাবজো বিষয়স্বভাবজ ঔপাধিকো বা ?---নাদ্যঃ অনির্ম্মোক্ষপ্রসঙ্গাৎ, স্বাভাবিকবিষয়সম্বন্ধস্যাপনেয়ত্বানহত্বাৎ তদনপনয়ে চ সংসারোচ্ছেদস্যাত্যন্তমসম্ভাবিতত্বাৎ, ন দ্বিতীয়ঃ প্রকৃতিনিত্যতয়া তদ্দোষতাদবস্থ্যাৎ, ন তৃতীয়ঃ দৃষ্টাদৃষ্টবিভাগানুপপত্তেঃ, অন্ত্যশ্চেৎ কস্তত্রোপাধিরাকাঙ্ক্ষোপলব্ধানীন্দ্রিয়াণীতি চেদ্বাঢং সিদ্ধং বহিরিন্দ্রিয়ৈঃ। অথ নানাবিষয়েষু সত্যপি নানেন্দ্রিয়সম্বন্ধে কশ্চিদেব বিষয়ো গৃহ্যতে নতু সর্ব্বে, কিমত্র নিয়ামকমিতি চেদস্তি কিঞ্চিৎ যৎসন্নিধানপ্রযুক্তব্যাপারাণীন্দ্রিয়াণি স্বং স্বমর্থং গৃহ্ণন্তি, তদেবং তদেব মন ইত্যাচক্ষতে। সৎস্ব সব্যাপারেষু নির্ব্যাপারেষু বা তাবদিন্দ্রিয়েষু মনোবৃত্তিগোচরে চ নরত্বে স্বপ্নদশায়াং বরাহোহহমিত্যভিমানবতো নরোহহমিতি বৃত্তেরনুদয়াৎ ন নরোহহমিতি বাধবুদ্ধ্যুদয়াচ্চ যুগপদনিয়তঘটপটাদিবিষয়কব্যাপারবতো বহিরিন্দ্রিয়গণান্মনসশ্চ বিলক্ষণং নিয়তবিষয়াভিমানব্যাপারকং কিঞ্চিদবশ্যং স্বীকার্য্যং, সোহয়মহঙ্কারঃ। সুষুপ্তৌ ইন্দ্রিয়মনোঽহঙ্কারব্যাপারবিগমে শ্বাসপ্রশ্বাসপ্রযত্নানুবৃত্তিদর্শনাৎ মৃতশরীরে তদভাবাচ্চ তদ্ব্যাপারকমুক্তাদন্যৎ কিমপ্যভ্যুপগন্তব্যং, তদেব মহত্তত্ত্বম্। নচ মনো বাহঙ্কারো বা শ্বাসপ্রশ্বাসহেতুরস্তু, তত্র তদানীং সঙ্কল্পাভিমানব্যাপারবিরহেঽপি তদ্বিলক্ষণশ্বাসপ্রশ্বাসপ্রযত্নরূপব্যাপারসত্ত্বে বিরোধাভাবাদন্যথা তদানীমধ্যবসায়লক্ষণব্যাপারবিরহিণি মহত্তত্ত্বেঽপি তদ্ব্যাপারো ন স্যাদিতি বাচ্যং, যতঃ খল্বধ্যবসায়লক্ষণব্যাপারো মনোঽহঙ্কারব্যাপারাধীনঃ, তৌ চ কার্য্যসহভাবেন সুষুপ্তিপ্রতিবধ্যৌ, অন্যথা সুষুপ্তৌ স্বাপ্নপ্রত্যক্ষপ্রসঙ্গাৎ, সন্নিকর্ষাদেরবিশেষাৎ। এবঞ্চ মনোঽহঙ্কারব্যাপারসামান্যাভাবাদেব তদায়ত্তস্যাধ্যবসায়স্যাভাবো নতু মহত্তত্ত্বস্য

ব্যাপারসামান্যাভাবঃ। নচ মনোঽহঙ্কারয়োর্ব্যাপারবিশেষাবেব সুষুপ্তৌ প্রতি-বধ্যেতাং নতু ব্যাপারসামান্যমিতি বাচ্যং, তথা কল্পনে কার্য্যতাবচ্ছেদকপ্রতি-বধ্যতাবচ্ছেদকয়োর্গৌরবাৎ। তথাহস্মন্মতে সাক্ষাৎ পরম্পরয়া বা মহদুপাদান-কানাং যাদৃশা ব্যাপারাস্তাদৃগ্ব্যাপারত্বাবচ্ছিন্নং প্রতি সুষুপ্তেরেকমেব প্রতি-বন্ধকত্বং তদভাবস্য চ কারণত্বং ভবন্মতে চ প্রাতিস্বিকরূপেণাভিমানাদিকং প্রতি প্রতিবন্ধকত্বং কারণত্বঞ্চানেকমিতি। তস্মাৎ সুষুপ্তৌ অধ্যবসায়বৃত্তিবিরহেঽপি শ্বাসপ্রশ্বাসানুকূলপ্রযত্নবৃত্তিকং মহত্তত্ত্বমভ্যুপেয়ম্। তস্য নিত্যত্বে স্বাত্মনি তৎ-প্রযুক্তসুখদুঃখসম্বন্ধস্য নিবাকরণাযোগাদনির্মোক্ষপ্রসঙ্গ ইতি মহত্তত্ত্বস্য বিনাশিত্ব-মুপেয়ং, বিনাশিভাবত্বেন চ কার্য্যত্বম্। তথাচ তৎকারণতয়া প্রকৃতিসিদ্ধিঃ। নচ তস্যা অপি কারণমস্তি তথাসত্যনবস্থাপ্রসঙ্গাদিতি। তদুক্তমাচার্য্যপাদৈঃ "নহি চিতিরেব বিষয়বন্ধনস্বভাবা অনির্মোক্ষপ্রসঙ্গাৎ। নাপি প্রকৃতিরেব তদীয়-স্বভাবা তথাপি নিত্যত্বেনানির্মোক্ষপ্রসঙ্গাৎ। নাপি ঘটাদিরেবাহত্য, তদীয়-দৃষ্টাদৃষ্টত্বানুপপত্তেঃ। নাপীন্দ্রিয়মাত্রপ্রণালিকয়া ব্যাসঙ্গাযোগাৎ। নাপীন্দ্রিয়-মনোদ্বারা স্বপ্নদশায়াং বরাহব্যাঘ্রাদ্যভিমানিনো নরস্যাপি নরত্বেনাত্মোপদানা-যোগাৎ। নাপ্যহঙ্কারপর্য্যন্তব্যাপারেণ, সুষুপ্ত্যবস্থায়াং তদ্ব্যাপারবিরহেঽপি শ্বাসপ্রযত্নসন্তানাবস্থানাৎ। তদ্যদেতাস্ববস্থাসু সব্যাপারমেকমনুবর্ত্ততে যদাশ্রয়া চানুভববাসনা তদন্তঃকরণমুপারূঢোঽর্থঃ পুরুষস্যোপাধানীভবতীতি। বক্ষ্যমাণ-লক্ষণৌ ত্রয়োবিংশচতুর্ব্বিংশকারিকাভ্যামিতি শেষঃ। বক্ষ্যমাণানি ষড়্বিংশ-সপ্তবিংশকারিকয়োরিতি শেষঃ। অহঙ্কারস্যৈব ষোড়শসংখ্যাব্যবস্থাপয়িতু-মাহ—একাদশেতি। ষোড়শকারিকাদিত্যত্রাপকৃষ্টেভ্য ইত্যধ্যাহর্ত্তব্যক্রিয়া-বিশেষযোগে পঞ্চমী, নতু প্রকৃতেরিত্যাদাবিবোপাদানতয়া। দ্রব্যোপাদা-নস্য দ্রব্যভিন্নত্বাসম্ভবেন, আকাশাদিদ্রব্যোপাদানতদুপাদানাদীনাং প্রকৃতি-পর্য্যন্তানাং দ্রব্যত্বমব্যাহতমিতি বোধ্যম্। ইতি দ্বাবিংশকারিকার্থবিবৃতিঃ ॥ ২২॥

তত্ত্বকৌমুদী।

অব্যক্তং সামান্যতো লক্ষিতং "বিপরীতমব্যক্তমিত্যনেন, বিশেষতশ্চ "সত্ত্বং লঘু প্রকাশকমি"ত্যাদিনা। ব্যক্তমপি সামান্যতো লক্ষিতং "হেতুমদি"-ত্যাদিনা। সম্প্রতি বিবেকজ্ঞানোপযোগিতয়া ব্যক্তবিশেষং বুদ্ধিং লক্ষয়তি।

অধ্যবসায়ো বুদ্ধির্ধর্ম্মো জ্ঞানং বিরাগ ঐশ্বর্য্যম্।
সাত্ত্বিকমেতদ্রূপং তামসমস্মাদ্বিপর্য্যস্তম্॥ ২৩॥

অনুবাদ।

অধ্যবসায়ই বুদ্ধি অর্থাৎ অধ্যবসায় বুদ্ধির বৃত্তি। ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য এবং ঐশ্বর্য্য বুদ্ধির সাত্ত্বিক রূপ, ইহার বিপরীত অর্থাৎ অধর্ম্ম, অজ্ঞান, অবৈরাগ্য এবং অনৈশ্বর্য্য বুদ্ধির তামসরূপ।

ব্যাখ্যা।

আমার ইহা কর্ত্তব্য—এই যে কর্ত্তব্যত্ব নিশ্চয়, ইহা এবং অন্য ব্যাপার-বিষয়ক নিশ্চয় অধ্যবসায়। এই অধ্যবসায় বুদ্ধির অনন্যসাধারণ ব্যাপার; অধ্যবসায় যাহার বৃত্তি তাহাই বুদ্ধি, অধ্যবসায় বুদ্ধির লক্ষণ। বুদ্ধি ও মহত্তত্ত্ব একার্থক শব্দ। ধর্ম্ম—শাস্ত্রবিহিত কর্ম্ম জন্য অদৃষ্ট, জ্ঞান—প্রকৃতিপুরুষের ভেদ সাক্ষাৎকার, বৈরাগ্য—বিষয়ভোগে বিতৃষ্ণা এবং ঐশ্বর্য্য—অণিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব এবং যত্রকামাবসায়িত্ব এই অষ্টবিধ; এক কথায় বলিতে হইলে, ইহা প্রযত্নবিশেষ। অণিমা ঐশ্বর্য্যের ফলে একেবারে এই এত বড় দেহকে পরমাণুর ন্যায় সূক্ষ্ম করা যায়। লঘিমা ঐশ্বর্য্যের ফলে এত ভারিদেহকে এমন লঘু করা যায় যে, সূর্য্যের কিরণ ধরিয়া উঠিতে পারা যায়। প্রাপ্তি ঐশ্বর্য্যের ফলে চন্দ্রকে অঙ্গুলি দ্বারা স্পর্শ করা যায়। প্রাকাম্য অর্থাৎ ইচ্ছা-ব্যাঘাত না হওয়া,—এই ঐশ্বর্য্যের ফলে নদীগর্ভের ন্যায় সমতল ভূগর্ভেও ডুব দেওয়া যায়। বশিত্ব ঐশ্বর্য্যের ফলে সকলেই বশীভূত হয়, তরক্ষু সিংহ ব্যাঘ্রও বশ্য হয়। ঈশিত্ব ঐশ্বর্য্যের ফলে পঞ্চভূতের ও পাঞ্চভৌতিক পদার্থের সৃষ্টি-স্থিতি-সংহারে সামর্থ্য হয়। যত্রকামাবসায়িত্ব অর্থে সত্য-সঙ্কল্পতা,—এই ঐশ্ব-র্য্যের ফলে যেমন সঙ্কল্প মনে উঠিবে, কার্য্য সেইরূপই হইবে। এইগুলি বুদ্ধির সাত্ত্বিকভাব। অধর্ম্ম—পাপ, অজ্ঞান—প্রকৃতি-পুরুষের ভেদ সাক্ষাৎকার ব্যতীত যাবতীয় জ্ঞান, অবৈরাগ্য—ইচ্ছাদ্বেষ এবং অনৈশ্বর্য্য—যাহা অণিমাদির হেতু নহে সেই সকল যত্ন;—এইগুলি বুদ্ধির তামসিক ভাব। সুখদুঃখ ত সত্ত্ব ও রজো গুণের ধর্ম্ম; সুতরাং ন্যায়-বৈশেষিকের ন্যায় আত্মার গুণ ইঁহারা মানেন না। ২৩।

তত্ত্বকৌমুদী।

অধ্যবসায়ো বুদ্ধিঃ, ক্রিয়াক্রিয়াবতোরভেদবিবক্ষয়া। সর্ব্বো ব্যবহর্ত্তা আলোচ্য মত্বা, অহমত্রাধিকৃত ইত্যভিমত্য কর্ত্তব্যমেতন্ময়েতি অধ্যবস্যতি ততশ্চ প্রবর্ত্ততে ইতি লোকপ্রসিদ্ধম্। তত্র যোহয়ং কর্ত্তব্যমিতি বিনিশ্চয়শ্চিতিসন্নিধানা-

দাপন্ন-চৈতন্যায়া বুদ্ধেঃ, সোঽধ্যবসায়ো বুদ্ধেরসাধারণো ব্যাপারস্তদভেদা বুদ্ধিঃ, সচ বুদ্ধের্লক্ষণং, সমানাসমান-জাতীয়ব্যবচ্ছেদকত্বাৎ।

তদেবং বুদ্ধিং লক্ষয়িত্বা বিবেকজ্ঞানোপযোগিনস্তস্যা ধর্ম্মান্ সাত্বিক-রাজস-তামসানাহ ধর্ম্মো জ্ঞানং বিরাগ ঐশ্বর্য্যং সাত্বিকমেতদ্রূপং তামসমস্মাদ্বিপর্য্যস্তম্। ধর্ম্মোঽভ্যুদয়-নিঃশ্রেয়স-হেতুঃ, তত্র যাগদানাদ্যনুষ্ঠানজনিতো ধর্ম্মোঽভ্যুদয়হেতুঃ, অষ্টাঙ্গ-যোগানুষ্ঠান-জনিতশ্চ নিঃশ্রেয়স-হেতুঃ। সত্ত্ব-পুরুষান্যতা-খ্যাতির্জ্ঞানম্। বিরাগঃ বৈরাগ্যং রাগাভাবঃ। তস্য যতমানসংজ্ঞা, ব্যতিরেকসংজ্ঞা, একেন্দ্রিয়-সংজ্ঞা, বশীকারসংজ্ঞেতি চতস্রঃ সংজ্ঞাঃ। রাগাদয়ঃ কষায়াশ্চিত্তবর্ত্তিনস্তৈরিন্দ্রিয়াণি যথাস্বং বিষয়েষু প্রবর্ত্তন্তে, তন্মাত্র প্রবর্ত্তিষত বিষয়েষ্বিন্দ্রিয়াণীতি তৎপরিপাচনায়ারম্ভঃ প্রযত্নো যতমানসংজ্ঞা। পরিপাচনে চানুষ্ঠীয়মানে কেচিৎ কষায়াঃ পক্কাঃ পক্ষ্যন্তে চ কেচিৎ, তত্রৈবং পূর্ব্বাপরীভাবে সতি পক্ষ্যমাণেভ্যঃ কষায়েভ্যঃ পক্কানাং ব্যতিরেকেণাবধারণং ব্যতিরেকসংজ্ঞা। ইন্দ্রিয়প্রবৃত্ত্যসমর্থতয়া পক্কানামৌৎসুক্যমাত্রেণ মনসি ব্যবস্থানমেকেন্দ্রিয়সংজ্ঞা। ঔৎসুক্যমাত্রস্যাপি নিবৃত্তিরুপস্থিতেষ্বপি দৃষ্টানুশ্রবিকবিষয়েষু যা সংজ্ঞাত্রয়াৎ পরাচীনা সা বশীকার-সংজ্ঞা, যামত্র ভগবান পতঞ্জলির্ব্বর্ণয়াঞ্চকার "দৃষ্টানুশ্রবিক-বিষয়বিতৃষ্ণস্য বশীকারসংজ্ঞা বৈরাগ্যমি"তি। সোঽয়ং বুদ্ধি-ধর্ম্মো বিরাগ ইতি। ঐশ্বর্য্যমপি বুদ্ধি-ধর্ম্মো যতোঽণিমাদিপ্রাদুর্ভাবঃ। তত্রাণিমা অণুভাবঃ, যতঃ শিলামপি প্রবিশতি। লঘিমা লঘুভাবঃ, যতঃ সূর্য্যমরীচীনালম্ব্য সূর্য্যালোকং যাতি। মহিমা মহতো ভাবঃ, যতো মহান্ ভবতি। প্রাপ্তিরঙ্গুল্যগ্রেণ স্পৃশতি চন্দ্রম্। প্রাকাম্যমিচ্ছানভিঘাতো যতো ভূমাবুন্মজ্জতি নিমজ্জতি যথোদকে। বশিত্বং ভূতভৌতিকং বশীভবত্যবশ্যম্। ঈশিত্বং ভূতভৌতিকানাং প্রভবব্যূহব্যয়ানামীষ্টে। যত্রকামাবসায়িত্বং সত্যসঙ্কল্পতা, যথাস্য সঙ্কল্পো ভবতি ভূতেষু তথৈব ভূতানি ভবন্তি। অন্যেষাং নিশ্চয়া নিশ্চেতব্যমনুবিধীয়ন্তে, যোগিনস্তু নিশ্চেতব্যাঃ পদার্থা নিশ্চয়মিতি, চত্বারঃ সাত্বিকা বুদ্ধিধর্ম্মাঃ। তামসাস্তু তদ্বিপরীতা বুদ্ধিধর্ম্মাঃ, অধর্ম্মাজ্ঞানাবৈরাগ্যানৈশ্বর্য্যাভিধানাশ্চত্বার ইত্যর্থঃ॥ ২৩॥

পূর্ণিমা।

সমানাসমানজাতীয়ব্যবচ্ছেদকত্বাদিতি। ব্যবচ্ছেদো ভেদনিশ্চয়ঃ, তজ্জনকত্বাৎ তজ্জনকজ্ঞানবিষয়ত্বাৎ ইতরভেদানুমাপকত্বাদিত্যর্থঃ। সাত্বিকরাজস-তামসানীতি। সাত্বিকাঃ সত্ত্বোপাদানকাঃ, তামসাঃ তম-উপাদানকাঃ, রাজসাঃ রজোনিমিত্তকাঃ নতু রজ-উপাদানকাঃ; রজঃসমবধানমন্তরেণ সত্ত্বতমসোঃ কার্য্য-

জননোপযোগিক্ষোভবিরহাৎ সাত্ত্বিকতামসকার্য্যাণামপি প্রাধান্যেন রজোনিমিত্তক-ত্বমিতি সূচয়িতুং তেষামেব রাজসত্বেনাপ্যুপাদানম্। নাতঃ সাত্ত্বিক-তামস-ধর্ম্মমাত্রপ্রদর্শনপরেণ মূলেন সহ বিরোধঃ। ধর্ম্ম ইতি অভ্যুদয়ঃ, সুখম্ ঐহিকং স্বর্গরূপঞ্চ। নিঃশ্রেয়সং ত্রিবিধদুঃখাত্যন্তনিবৃত্তিঃ, তয়োর্হেতুঃ। যাগদানাদীতি কাম্যযাগদানাদীত্যর্থঃ। যাগদানাদিরূপকরণব্যাপারতয়া অভ্যুদয়ং প্রতি হেতুঃ। অষ্টাঙ্গযোগানুষ্ঠানজনিতশ্চ ধর্ম্মঃ সত্ত্বপুরুষান্যতাসাক্ষাৎকাররূপব্যাপারবত্তয়া নিঃশ্রেয়সং প্রতি করণরূপেণ হেতুঃ; নিঃশ্রেয়সস্য প্রযোজকো বা। অষ্টাবঙ্গানি যস্য স তাদৃশো যোগঃ। তত্র কো যোগঃ কানি চাঙ্গানীত্যুচ্যতে, যোগশ্চিত্ত-বৃত্তিনিরোধঃ (পাতঞ্জলে ১ম পাদে ২য় সূত্রম্), তস্য চ—"যমনিয়মাসনপ্রাণা-য়ামপ্রত্যাহারধারণাধ্যানসমাধয়োঽষ্টাবঙ্গানি (পাতঞ্জলে ২য় পাদে ২৯শ সূত্রম্), তত্র "অহিংসাসত্যাস্তেয়ব্রহ্মচর্য্যাপরিগ্রহা যমাঃ" (৩০শ সূত্রম্), "শৌচসন্তোষ-তপঃস্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি নিয়মাঃ" (৩২শ সূত্রম্), "স্থিরসুখমাসনম্" (৪৬শ সূত্রম্), 'তস্মিন্ সতি (আসনজয়ে সতি) শ্বাসপ্রশ্বাসয়োর্গতিবিচ্ছেদঃ প্রাণায়ামঃ (৪৯ সূত্রম্), "স্ববিষয়াসম্প্রয়োগে চিত্তস্য স্বরূপানুকার ইবেন্দ্রিয়াণাং প্রত্যাহারঃ" (৫৪ সূত্রম্), চিত্তনিরোধপ্রযুক্তেন্দ্রিয়নিরোধঃ শব্দাদিবিষয়াগ্রহণ-হেতুঃ প্রত্যাহার ইত্যর্থঃ। "দেশবন্ধশ্চিত্তস্য ধারণা" (৩য় পাদে ১ম সূত্রম্),"চিত্তস্য নাভিচক্রাদিষু দেশেষু বাহ্যে বিষয়ে বা বৃত্তিমাত্রেণ সম্বন্ধো ধারণা ইত্যর্থঃ। 'তত্র প্রত্যয়ৈকতানতা ধ্যানম্' (২য় সূত্রম্), যস্মিন্ দেশে চিত্তস্য ধারণা তদ্দেশ-বিষয়কপ্রত্যয়প্রবাহো ধ্যানমিত্যর্থঃ। "তদেবার্থমাত্রনির্ভাসং স্বরূপশূন্যমিব সমাধিঃ"(৩য় সূত্রম্), ধ্যানমেব ধ্যেয়াকারনির্ভাসং প্রত্যয়াত্মকেন স্বরূপেণ শূন্যমিব যদা ভবতি ধ্যেয়স্বভাবাবেশাৎ তদা সমাধিরিত্যুচ্যতে (ভাষ্যম্); প্রপঞ্চস্তু যোগসূত্রভাষ্যয়োরনুসন্ধেয়ঃ। সত্ত্বপুরুষান্যতাখ্যাতিরিতি প্রকৃতিতৎকার্য্যেভ্যঃ পুরুষো ভিন্ন ইত্যয়ং সাক্ষাৎকারো মিথোভেদসাক্ষাৎকারো বা। অথবাত্র সত্ত্ব-পুরুষান্যতাখ্যাতিপদং স্ব-স্বোপযোগিসাধারণরূপেণ লাক্ষণিকতয়া প্রমামাত্রস্য বোধকম্। সর্ব্বেষামেব বস্তূনাং সত্ত্বপুরুষভেদপ্রতিযোগিত্বানুযোগিত্বান্যতররূপ-বত্তয়া, তৎপ্রমাণাং তদন্যতাখ্যাতাবুপযোগিত্বাৎ। বৈরাগ্যস্য সংজ্ঞাচতুষ্টয়ং দর্শয়তি যতমানেতি। বৈরাগ্যং চতুর্ব্বিধং যতমানসংজ্ঞাদিভেদাদিত্যর্থঃ। যতমানসংজ্ঞাহেতুমাহ—রাগেতি। রাগাদয়ঃ, আদিনা দ্বেষাদিপরিগ্রহঃ। কার্পাসবসনাদীনাং রঞ্জকা মঞ্জিষ্ঠাদয় ইব চিত্তস্য বিষয়সম্বন্ধরূপরঞ্জনহেতুত্বাদ্রাগা-দয়ঃ কষায়া উচ্যন্তে। তৎপরিপাচনায় তেষাং রাগাদীনাং পরিপাচনায় জীর্ণতা-

সম্পাদনায় ফলানুপধায়কত্বসম্পাদনায় ইতি যাবৎ; আরম্ভঃ আরম্ভ ইত্যস্য বিবরণং প্রযত্নঃ প্রযত্নবিশেষঃ, আদ্যপ্রযত্নস্য আরম্ভরূপত্বাৎ যতমানসংজ্ঞা যতমানসংজ্ঞাপ্রয়োজকঃ, হেতুহেতুমতোরভেদোপচারাৎ। তৎপরিপাচন-প্রাথমিকযত্নকালীনা বৈরাগ্যপ্রথমভূমিকা নাম যতমানসংজ্ঞেত্যর্থঃ। অস্য যত্ন-ঘটিতত্বাৎ যতমানসংজ্ঞাসংজ্ঞিত্বমিতি হৃদয়ম্। বৈরাগ্যদ্বিতীয়ভূমিকামাহ—পরিপাচন ইতি। ফলমুৎপাদ্য প্রাথমিকযত্নে বিনষ্টে পক্কেষু কেষুচিৎ কষায়েষু পক্কাপক্ককষায়াণাং ব্যতিরেকেণ মিথোভিন্নত্বেনাবধারণং ব্যতিরেকসংজ্ঞাপ্রয়ো-জকম্। দ্বিবিধকষায়াণাং ব্যতিরেকাবধারণকালীনবৈরাগ্যং ব্যতিরেকসংজ্ঞে-ত্যর্থঃ। অস্য ব্যতিরেকঘটিতত্বেন ব্যতিরেকসংজ্ঞাসংজ্ঞিত্বমিতি হৃদয়ম্। তৃতীয়-ভূমিকামাহ—ইন্দ্রিয়েতি। রাগাদীনাং পক্কতয়েন্দ্রিয়প্রবর্তনসামর্থ্যাপগমে, ঔৎসুক্যমাত্রেণ স্বরূপজিজ্ঞাসামাত্রেণ, মাত্রপদেন স্বরূপজ্ঞানব্যবচ্ছেদঃ, মনসি অবস্থানম্ একেন্দ্রিয়সংজ্ঞাপ্রয়োজকমিত্যর্থঃ। বিষয়ভোগানুপধায়করাগবদন্তঃ-করণবৃত্তিবিষয়ভোগোপধায়করাগাভাবঃ একেন্দ্রিয়সংজ্ঞা বৈরাগ্যম্। রক্তান্তঃ রাগাভাববিশেষণং বশীকারবৈরাগ্যেঽতিব্যাপ্তিবারণায়। বিষয়ভোগোপধায়কেতি রাগবিশেষণং তাদৃগন্তঃকরণে রাগসামান্যাভাবাসম্ভবেন লক্ষণাসম্ভববারণায়। অন্তঃকরণরূপৈকেন্দ্রিয়ঘটিতত্বেনাস্যৈকেন্দ্রিয়সংজ্ঞাসংজ্ঞিত্বম্। অন্তঃকরণস্যেন্দ্রিয়-ত্বঞ্চ ইন্দ্রস্যাত্মনো লিঙ্গত্বাদ্‌যৌগিকম্। অথবা ইন্দ্রিয়প্রবর্তনানুপধায়করাগ-সমানাধি-করণেন্দ্রিয়-প্রবর্তনোপধায়ক--রাগাভাবরূপ-বৈরাগ্যমিন্দ্রিয়-ঘটিতত্বাদে--কেন্দ্রিয়সংজ্ঞাসংজ্ঞিতম্। অন্ত্যভূমিকামাহ—ঔৎসুক্যেতি। দৃষ্টবিষয়েষু স্রক্‌চন্দন-বনিতাদিষু আনুশ্রবিকবিষয়েষু স্বর্গাদিষু চ ঔৎসুক্যমাত্রস্যাপি জিজ্ঞাসামাত্রস্যাপি নিবৃত্তিঃ বিষয়ভোগরাগসামান্যাভাবরূপবৈরাগ্যং সর্বভোগবিজয়াদ্ বশীকারসংজ্ঞা-সংজ্ঞিতং ভবতি। অস্যৈব বৈরাগ্যনিষ্ঠাত্বং স্থয়িতুমাহ—যেতি। সংজ্ঞাত্রয়াৎ যতমানসংজ্ঞাদেঃ পরাচীনা উত্তরকালবর্তিনী। নন্বিদং যোগোক্তমপরবৈরাগ্যমেব পরবৈরাগ্যস্য—তৎ পরং পুরুষখ্যাতেগুর্ণবৈতৃষ্ণ্যমিতি যোগসূত্রেণ পৃথগুক্তত্বাৎ তথাচ বুদ্ধিধর্মমধ্যে পরবৈরাগ্যস্যাপরিগণিততয়া ন্যূনত্বমিতি চেন্ন, পরবৈরাগ্যস্য জ্ঞানমধ্যে নিবেশনীয়ত্বাৎ। উক্তঞ্চ যোগভাষ্যে (১ম পাদে ষোড়শ-সূত্রবিবরণে) তৎ দ্বয়ং বৈরাগ্যং, তত্র যৎ উত্তরং (পরম্) তৎ জ্ঞানপ্রসাদমাত্রমিতি জ্ঞানস্যৈব পরাকাষ্ঠা বৈরাগ্যমিতি চ দৃঢ়ভূমিসত্ত্বপুরুষান্যতাসাক্ষাৎকারস্যৈ গুণবৈতৃষ্ণ্যাত্মকপরবৈরাগ্যরূপত্বাদিতি ভাবঃ। ঐশ্বর্য্যমপীতি ন চাণিমলঘিম প্রাপ্তীনাং স্থূলদেহধর্মত্বমেবোচিতং ন তু বুদ্ধিধর্মত্বং তাসাং বুদ্ধাববর্তমানত্বাদি

বাচ্যম্, অণিমাদিহেতুভূতপ্রযত্নস্য অণিমাদিপদেন বিবক্ষিতত্বাৎ। প্রাকাম্যমিতি সত্যামিচ্ছায়াম্ উদক ইব ভূমাবপি উন্মজ্জতি নিমজ্জতি চেত্যর্থঃ। অপ্রতিহতেচ্ছাবত্ত্বং প্রাকাম্যমিতি ভাবঃ। বশিত্বমিতি অবশ্যং বশীভাবানর্হং ভূতভৌতিকং ভূতং পৃথিব্যাদি ভৌতিকং সিংহাদি অস্য বশিত্ববতঃ স্বয়মেব বশীভবতি। বশ্যতাপ্রতিবন্ধকেচ্ছাবিরহঃ বশীকরণসামর্থ্যরূপঃ প্রযত্নবিশেষো বা বশিত্বম্। ঈশিত্বমিতি ভূতভৌতিকসৃষ্টি-স্থিতি-লয়োপধায়কপ্রযত্নবত্ত্বম্ ঈশিত্বমিত্যর্থঃ। যত্র কামাবসায়িত্বমিতি। সঙ্কল্পঃ নিশ্চয়ঃ। সত্যসঙ্কল্পস্য যোগিনো যদি শূদ্রে ব্রাহ্মণোঽয়মিতি নিশ্চয়ঃ স্যাৎ তদৈব শূদ্রোঽপি ব্রাহ্মণত্বমাপদ্যত ইতি ভাবঃ। যথা বীতিহব্যস্য রাজ্ঞো ব্রাহ্মণ্যমত্র সর্ব্বে বয়ং ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়ো নাস্তীতি ঋষিবচনমাত্রাদেব জাতমিতি পুরাণম্। প্রাকাম্যস্যাণিমাদিব্যাপ্তত্বেঽপি রূপাদিব্যাপ্যস্য গন্ধস্যেব স্বরূপতো মিথোভেদান্নাষ্টত্বসংখ্যাব্যাঘাতঃ। তামসা ইতি পূর্ব্বাপেক্ষয়া তমোবহুলাৎ সত্ত্বাদেরুৎপন্না ন তু ঘটাদিবত্তামসা ইত্যর্থঃ। অধর্ম্মাজ্ঞানাদয়ো নাভাবরূপাঃ কিন্তু ভাবরূপা এব, তথাচাধর্ম্মো বিহিতাননুষ্ঠানপ্রতিষিদ্ধানুষ্ঠানজন্যাদৃষ্টভেদঃ, অজ্ঞানং সত্ত্বপুরুষান্যতাখ্যাতাতিরিক্তসর্ব্ববিধজ্ঞানম, অবৈরাগ্যং রাগদ্বেষৌ, অনৈশ্বর্য্যম্ অণিমাদ্যহেতুসর্ব্ববিধপ্রযত্নঃ। তথাচ ধর্ম্মাধর্ম্মজ্ঞানেচ্ছাদ্বেষপ্রযত্নানাং বুদ্ধিধর্ম্মত্বং সুখদুঃখয়োশ্চ সত্ত্বরজোধর্ম্মত্বমিতি ধর্ম্মাধর্ম্মাদীনাং পরাভিমতমাত্মধর্ম্মত্বমনঙ্গীকৃতমিতি ধ্যেয়ম্। ইতি ত্রয়োবিংশকারিকার্থবিবৃতিঃ। ২৩।

অভিমানোঽহঙ্কারস্তস্মাৎ দ্বিবিধঃ প্রবর্ত্ততে সর্গঃ।
একাদশকশ্চ গণস্তন্মাত্রপঞ্চকশ্চৈব ॥ ২৪ ॥

অনুবাদ।

অভিমান (অর্থাৎ অভিমান যাহার বৃত্তি তাহাই) অহঙ্কার। অহঙ্কার হইতে একাদশ ইন্দ্রিয় ও পঞ্চতন্মাত্র— এই দ্বিবিধ কার্য্যই উৎপন্ন হয়। ২৪।

ব্যাখ্যা।

শ্রুতিতে আছে—"তদৈক্ষত বহু স্যাং প্রজায়েয়েতি তত্তেজোঽসৃজত" (ছান্দোগ্য উপনিষৎ ৬ষ্ঠ অঃ ২য় খণ্ড) তাঁহার (সাংখ্যমতে প্রকৃতির) ঈক্ষণ বৃত্তি উদিত হইল; ঈক্ষণবৃত্তিকেই সাংখ্যাচার্য্যগণ মহত্তত্ত্ব বলিয়াছেন, কেন না, কঠশ্রুতিতে আছে,—'মহতঃ পরমব্যক্তম্' (কঠ উপনিষৎ ১ম অঃ ৩য় বল্লী ১১ মন্ত্র) ছান্দোগ্য শ্রুতি দ্বারা প্রতিপন্ন হইয়াছে, পূর্ব্বে প্রকৃতি, তাহার পরেই ঈক্ষণ; কঠশ্রুতি দ্বারা প্রতিপন্ন হইতেছে, নিম্নে মহান্, ঊর্দ্ধে অব্যক্ত

অর্থাৎ পূর্ব্বে প্রকৃতি পরেই মহান্, সুতরাং উভয় শ্রুতির মীমাংসায় দাঁড়াইল, যাহা ঈক্ষণ তাহাই মহান্ বা মহত্তত্ত্ব—নামভেদ মাত্র। ছান্দোগ্য শ্রুতিতে ঈক্ষণের পরে অহংভাবের উল্লেখ;—'বহু স্যাং' বহু হই,—জন্মগ্রহণ করি,—এই অহংভাবকেই "আমিভাবে অভিব্যক্ত বস্তুকেই" অহঙ্কার বলা হইয়া থাকে। তাহার পরেই তেজঃসৃষ্টি; তাহার পর জলসৃষ্টি; তাহার পর পৃথিবীসৃষ্টি; তৎপরে যথাসময়ে স্থূল তেজঃসৃষ্টিপ্রভৃতি ছান্দোগ্য উপনিষদে আছে। "তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ আকাশাদ্বায়ুঃ বায়োরগ্নিঃ' (তৈত্তিরীয় শ্রুতি), এই শ্রুতিতে দেখা যায়, আত্মা অর্থাৎ আমি বা অহঙ্কার হইতে আকাশের উৎপত্তি, আকাশ হইতে বায়ু এবং বায়ু হইতে তেজ উৎপন্ন হয়। ছান্দোগ্যে দেখিতেছি,—অহঙ্কারের পরেই তেজ,—উভয়ের মীমাংসায় দাঁড়াইল—সবগুলিই অহঙ্কারের কার্য্য; তবে আকাশ ও বায়ুর উৎপত্তি প্রথমে, তাহার পরেই তেজের উৎপত্তি। এই যে সূক্ষ্মভূত, তাহাই পঞ্চতন্মাত্র। প্রশ্নোপনিষদে ৪র্থ প্রশ্নে এই স্থূলভূত ও পঞ্চতন্মাত্রের কথা স্পষ্টভাবে কথিত হইয়াছে। "নামরূপে ব্যাকরবাণি" "নামরূপে ব্যাকরোৎ" (ছান্দোগ্য ৬ অঃ) নামরূপের ব্যক্তীকরণার্থ অহম্ভাব—অহম্ভাবের পর ব্যক্তীকরণ—ইন্দ্রিয়ব্যতীত নামরূপের ব্যক্তি বা স্পষ্টতা হয় না; সেই জন্য এইখানেই স্থূলভূতের উৎপত্তির পূর্ব্বেই ইন্দ্রিয়সৃষ্টি; তবে সূক্ষ্মভূত ও ইন্দ্রিয়ের মধ্যে কাহার পূর্ব্বে সৃষ্টি, কাহার পরে সৃষ্টি, তাহা ঠিক-বলা যায় না। পরন্তু প্রশ্নোপনিষদে চতুর্থপ্রশ্নে সর্ব্বাপেক্ষা স্থূলপদার্থ হইতে আরম্ভ করিয়া—ক্রমে সূক্ষ্ম পদার্থের গণনা আছে, এক-আধটু ব্যতিক্রমও আছে; সে যাহা হউক, অগ্রে স্থূলভূত ও সূক্ষ্মভূতের উল্লেখ করিয়া পরে বাহ্য দশ ইন্দ্রিয় ও মনের উল্লেখ আছে, ইহা দেখিয়া সূক্ষ্মভূত অপেক্ষা অর্থাৎ পঞ্চতন্মাত্র অপেক্ষা পূর্ব্বে ইন্দ্রিয়ের সৃষ্টি ইহা বলিতে হয় বল। সূক্ষ্মভূত হইতে যে স্থূলভূতের উৎপত্তি, তাহা যুক্তি এবং ছান্দোগ্য উপনিষদের ৬ষ্ঠ অঃ ৩য় খণ্ডের মিশ্রীকরণ—স্থূলীকরণ উপদেশে অবগত হওয়া যায়। বিষ্ণুপুরাণ লিঙ্গপুরাণ প্রভৃতি বিবিধপুরাণ গ্রন্থে এই সাংখ্যসম্মত সৃষ্টির উপদেশ আছে। আমাদের গাঢ়নিদ্রা হইতে জাগরণের সময়েও এই প্রণালীর আংশিক আভাস পাওয়া যায়। জ্ঞানস্ফুরণরূপ ঈক্ষণবৃত্তিযুক্ত অন্তঃকরণের বলে, আমরা নিদ্রার জড়ভাব হইতে মুক্ত হই, জড়ভাববিমুক্তির সঙ্গে সঙ্গেই 'অহম্ভাব' তাহার বিষয় হয়, তাহার পর ইন্দ্রিয়ক্রিয়া হইয়া থাকে। সাংখ্যাচার্য্যগণের সিদ্ধান্তে যে ক্রমানুসারে সৃষ্টি তাহার বিপরীত ক্রমে লয় হয়; যথা—স্থূলভূত সূক্ষ্মভূতে

পরিণত হয়, সূক্ষ্মভূত এবং ইন্দ্রিয় অহঙ্কারে লয় প্রাপ্ত হয়, অহঙ্কার মহত্তত্ত্বে লীন হয়, মহত্তত্ত্বের লয় প্রকৃতিতে হইয়া থাকে। নিদ্রার উপক্রমেই দেখি—প্রথমে শরীরের ভূতাংশ নিস্তব্ধ হয়, তাহার পরেই ইন্দ্রিয় নিস্তব্ধ হয়, তাহার পরেই অহম্ভাব লোপ এবং পরেই জ্ঞানস্ফুরণ বিলুপ্ত হয়। কিন্তু এই সব ঘটনা এত স্বল্পক্ষণে ঘটিয়া থাকে যে, সে সকলের পৌর্ব্বাপর্য্য অনুভব স্বয়ং করা অসম্ভব; তবে কতকটা নিজের ও কতকটা পরের দেখিয়া ইহা স্থির করিতে হয়। নিস্তব্ধ তরঙ্গহীন প্রশান্ত নদীবক্ষই প্রকৃতির সাম্যাবস্থা, তখন তাঁহাকে নদীই বল আর স্বচ্ছদর্পণই বল। তাঁহাকেই সাংখ্যাচার্য্যগণ প্রলয়াবস্থা বলেন। রমণী-ললাটে কৃত্রিমকোপসম্ভূত ক্ষীণ মধুর ভ্রূভঙ্গীর ন্যায় নদীবক্ষে অতি ক্ষীণ স্নিগ্ধ রেখাকৃতি স্পন্দনই প্রথম সৃষ্টি, তাহাকেই আমরা মহত্তত্ত্বের উৎপত্তি বলিয়া থাকি। তাহার পর আরও দ্রুত এবং অনুচ্চ সুস্পষ্ট তরঙ্গরেখা—ইহাই অহম্ভাব—এখন নদীকে আর স্বচ্ছদর্পণ বলিয়া মনে হয় না, ইতিপূর্ব্বে অস্পষ্ট রেখায় নদীর দর্পণভাবে সন্দেহ হইলেও নদীর নদীত্ব প্রকট হয় নাই; কিন্তু এখন আর তা নাই, এখন নদীর অহম্ভাবে নদীত্ব প্রকটিত; তাহার পর—নদীর বৃদ্ধি, নানাপথে গতি ও তরঙ্গের উচ্চতা—ইহাই ইন্দ্রিয় ও সূক্ষ্মভূতসৃষ্টি; তাহার পর স্ফীত নদীবক্ষ, উত্তাল তরঙ্গ, বিষম আবর্ত্ত এবং বিষম প্লাবন, ইহাই—স্থূলভূতের সৃষ্টি। তাহার পর আবার প্রতিক্রিয়া সেই—প্লাবন, আবর্ত্ত ও উত্তালতরঙ্গ উপশম প্রাপ্ত হইল, তাহাই স্থূলভূতের লয়,—এইরূপ ক্রমে নদী আবার সেই নিঃস্পন্দ শান্তভাবে উপনীত হয়। নদী—প্রকৃতির একটী কার্য্য—নদীর ভাবে প্রকৃতির স্থূল সূক্ষ্ম সকল কার্য্যই স্পষ্ট-অস্পষ্টভাবে দেখিতে পাইবে, তাহাতে প্রকৃতির এই ক্রমবিকাশ প্রকৃতির ধর্ম্ম না হইলে সকল কার্য্যে তাহা অনুস্যূত হইত না। পাঠকগণ একটু প্রণিধান কর। ২৪।

তত্ত্বকৌমুদী।

অভিমানোঽহঙ্কারঃ, যৎ খল্বালোচিতং মতঞ্চ অত্রাহমধিকৃতঃ, শক্তঃ খল্বহমত্র, মদর্থা এবামী বিষয়াঃ মত্তো নান্যোঽত্রাধিকৃতঃ কশ্চিদস্ত্যতোঽহমস্মীতি যোঽভিমানঃ, সোঽসাধারণব্যাপারত্বাদহঙ্কারঃ, তমুপজীব্য হি বুদ্ধিরধ্যবস্যতি "কর্ত্তব্যমেতন্ময়ে"তি। তস্য কার্য্যভেদমাহ তস্মাৎ দ্বিবিধঃ প্রবর্ত্ততে সর্গঃ। প্রকারদ্বয়মাহ একাদশকশ্চ গণঃ ইন্দ্রিয়াহ্বয়ঃ তন্মাত্র-পঞ্চকশ্চৈব, দ্বিবিধ এব সর্গোঽহঙ্কারাৎ, ন ত্বন্য ইত্যেবকারেণাবধারয়তি ॥ ২৪ ॥

পূর্ণিমা।

চতুর্ব্বিংশকারিকার্থঃ সুগমঃ। ২৪।

তত্ত্বকৌমুদী।

স্যাদেতৎ, অহঙ্কারাদেকরূপাৎ কারণাৎ কথং জড়প্রকাশকৌ গণৌ বিলক্ষণৌ ভবত ইত্যত আহ।

পূর্ণিমা।

জড়প্রকাশকাবিতি। অত্র বিলক্ষণাবিত্যুপাদানাৎ জড়ত্বং প্রকাশসাধন-ভিন্নত্বে সতি প্রকাশ্যত্বং, ন তু প্রকাশ্যত্বমাত্রং, তস্য ইন্দ্রিয়সাধারণ্যেন বিলক্ষণ-ত্বানুপপত্তেঃ। প্রকাশকত্বং প্রকাশ-সাধনত্বম্; বৈলক্ষণ্যং বৈধর্ম্ম্যম্।

সাত্ত্বিক একাদশকঃ প্রবর্ত্ততে বৈকৃতাদহঙ্কারাৎ।
ভূতাদেস্তন্মাত্রঃ স তামসস্তৈজসাদুভয়ম্॥ ২৫॥

অনুবাদ।

একাদশ ইন্দ্রিয় সাত্ত্বিক (সত্ত্বগুণাধিক), তাহা সাত্ত্বিক অহঙ্কার হইতে এবং পঞ্চতন্মাত্র তামস অহঙ্কার হইতে উৎপন্ন হয়; পঞ্চতন্মাত্র তামস (তমোগুণা-ধিক), এই উভয়বিধ বস্তুরই রাজস অহঙ্কার (অন্যতর) কারণ। ২৫।

ব্যাখ্যা।

ইন্দ্রিয়গণ জ্ঞানের দ্বারস্বরূপ; সুতরাং প্রকাশধর্ম্ম ইন্দ্রিয়ে বর্ত্তমান। ইন্দ্রিয় কর্ম্মতৎপর, জ্ঞানেন্দ্রিয় দূরদূরান্তরের বিষয় শীঘ্র গ্রহণ করে। কর্ম্মেন্দ্রিয়ও শীঘ্র কার্য্যসাধনে পটু; এই কারণে ইন্দ্রিয়গণকে সত্ত্বগুণপ্রধান বলিয়া স্থির করিতে হয়। যাহা সত্ত্বগুণপ্রধান, তাহার উপাদানও সত্ত্বগুণপ্রধান হইবে। কাচ দ্বারা দর্পণ প্রস্তুত করা যায়, মৃত্তিকা দ্বারা দর্পণ করা যায় না। সুতরাং ত্রিগুণাত্মক অহঙ্কারের সত্ত্বগুণপ্রধান অবস্থা হইতে ইন্দ্রিয়ের উৎপত্তি। পঞ্চতন্মাত্র জড়, তাহা বিষয়প্রতিবিম্বগ্রহণে অসমর্থ। তাহা নিতান্ত জড়ভাবযুক্ত বস্তুর কারণ; সুতরাং তাহা তামস অর্থাৎ তমোগুণপ্রধান, এই কারণে অহঙ্কারের তমোগুণপ্রধান অবস্থা হইতে এই পঞ্চতন্মাত্রের উৎপত্তি। কিন্তু সত্ত্বগুণ বা তমোগুণের ক্রিয়াশক্তি নাই,—ক্রিয়াশক্তি রজোগুণের। কারণের ক্রিয়াশক্তি ব্যতীত কার্য্যের উৎপত্তি হয় না। এই কারণে—কি সাত্ত্বিক অবস্থা, কি তামসিক অবস্থা—উভয় সময়েই রাজসিক ভাব—ক্রিয়াশক্তির সমাবেশ

হইলে তবে ইন্দ্রিয় ও পঞ্চতন্মাত্রের উৎপত্তি হয়। এইজন্য একাদশ ইন্দ্রিয় ও পঞ্চতন্মাত্র উভয়বিধ বস্তুর প্রতিই রাজস অহঙ্কারকে কারণ বলা হইয়াছে; কারণ অর্থে—নিমিত্ত কারণ। ২৫।

তত্ত্বকৌমুদী।

প্রকাশ-লাঘবাভ্যামেকাদশ ইন্দ্রিয়গণঃ সাত্ত্বিকো বৈকৃতাৎ সাত্ত্বিকাদহঙ্কারাৎ প্রবর্ত্ততে। ভূতাদেস্তহঙ্কারাৎ তামসাত্তন্মাত্রো গণঃ প্রবর্ত্ততে, কস্মাৎ? যতঃ স তামসঃ। এতদুক্তং ভবতি—যদ্যপ্যেকোঽহঙ্কারস্তথাপি গুণভেদোদ্ভবাভিভবাভ্যাং ভিন্নং কার্য্যং করোতীতি। নমু যদি সত্ত্বতমোভ্যামেব সর্ব্বং কার্য্যং জন্যতে তদা কৃতমকিঞ্চিৎকরেণ রজসেত্যত আহ তৈজসাদুভয়ং, তৈজসাৎ রাজসাদুভয়ং গণদ্বয়ং ভবতি। যদ্যপি রজসো ন কার্য্যান্তরমস্তি তথাপি সত্ত্বতমসী স্বয়মক্রিয়ে সমর্থে অপি ন স্বস্বকার্য্যং কুরুতঃ, রজস্তু চলতয়া তে যদা চালয়তি তদা স্বস্বকার্য্যং কুরুত ইতি তদুভয়স্মিন্নপি কার্য্যে সত্ত্ব-তমসোঃ ক্রিয়োৎপাদনদ্বারেণাস্তি রজসঃ কারণত্বমিতি ন ব্যর্থং রজ ইতি॥ ২৫॥

পূর্ণিমা।

ইন্দ্রিয়গণস্য সাত্ত্বিকত্বে হেতুঃ প্রকাশলাঘবাভ্যামিতি। ভবাভিভবাভ্যামুদ্রেকবিমর্দ্দাভ্যাম্। ইতি পঞ্চবিংশকারিকার্থবিবৃতিঃ। ২৫।

তত্ত্বকৌমুদী।

সাত্ত্বিকমেকাদশকমাখ্যাতুং বাহ্যেন্দ্রিয়দশকং তাবদাহ।

বুদ্ধীন্দ্রিয়াণি চক্ষুঃ-শ্রোত্র-ঘ্রাণ-রসন-ত্বগাখ্যানি।
বাক্-পাণি-পাদ-পায়ূপস্থান্ কর্ম্মেন্দ্রিয়াণ্যাহুঃ॥ ২৬॥

অনুবাদ।

জ্ঞানেন্দ্রিয় পাঁচটী;—তাহাদিগের নাম, চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, রসনা এবং ত্বক্। কর্ম্মেন্দ্রিয় পাঁচটী; তাহাদিগকে—বাক্, পাণি, পাদ, পায়ু এবং উপস্থ বলা হইয়া থাকে। ২৬।

ব্যাখ্যা।

একাদশ ইন্দ্রিয় কি কি?—পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয় আর মন। মনের বিষয় পরকারিকায় বলা হইবে। শ্রোত্র অর্থে কর্ণ ইন্দ্রিয়। অন্য জ্ঞানেন্দ্রিয়গণের

নাম স্পষ্ট। আমরা আকর্ণবিস্তৃত চক্ষু ইত্যাদি স্থলে চক্ষু বলিয়া যাহাকে বুঝি, তাহা চক্ষুঃ ইন্দ্রিয় নহে, যাহার গুণে আমরা দেখিতে পাই—মণির অন্তর্গত সেই বস্তুই চক্ষুঃ ইন্দ্রিয়। আকর্ণবিস্তৃত স্থান চক্ষুর ক্ষেত্র। শ্রোত্র অর্থে কর্ণ। ঘ্রাণ অর্থে নাসিকা। যাহা দেখিয়া এই কর্ণ, এই নাসিকা ইত্যাদি বলা যায়—তাহা কর্ণ, রসনা, নাসিকা এবং ত্বক্ ইন্দ্রিয় নহে; যে যে সূক্ষ্ম বস্তু না থাকিলে এই প্রত্যক্ষীভূত কর্ণ নাসিকা প্রভৃতির শব্দশ্রবণ, গন্ধগ্রহণ ইত্যাদি কার্য্য অপটু হয়, তাহাই ইন্দ্রিয়। বাক্—বাগিন্দ্রিয়, কণ্ঠ তালু প্রভৃতি স্থানস্থিত বর্ণ-হেতু যন্ত্রবিশেষ। পাণি-পাদ ইহাও দৃশ্যমান হস্তপদ নহে, পক্ষাঘাতগ্রস্ত রোগীর হস্ত-পদ থাকিলেও তাহা অকর্ম্মণ্য, যাহার অভাবে এই অকর্ম্মণ্যতা তাহাই ইন্দ্রিয়। পায়ু—মলদ্বারস্থ পুরীষ-নিঃসারক ইন্দ্রিয়। উপস্থ—জননেন্দ্রিয়। ২৬।

তত্ত্বকৌমুদী।

সাত্ত্বিকাহঙ্কারোপাদানকত্বমিন্দ্রিয়ত্বং, তচ্চ দ্বিবিধং বুদ্ধীন্দ্রিয়ং কর্ম্মেন্দ্রিয়ঞ্চ, উভয়মপ্যেতদিন্দ্রস্যাত্মনশ্চিহ্নত্বাদিন্দ্রিয়মুচ্যতে, তানি চ স্ব-সংজ্ঞাভিশ্চক্ষুরাদিভিরুক্তানি। রূপগ্রহণলিঙ্গং চক্ষুঃ, শব্দ-গ্রহণলিঙ্গং শ্রোত্রং, গন্ধগ্রহণ-লিঙ্গং ঘ্রাণং, রস-গ্রহণ-লিঙ্গং রসনং, স্পর্শগ্রহণ-লিঙ্গং ত্বক্, ইতি জ্ঞানেন্দ্রিয়াণাং সংজ্ঞাঃ। এবং বাগাদীনাং কার্য্যং বক্ষ্যতি॥ ২৬॥

পূর্ণিমা।

বুদ্ধীন্দ্রিয়ং বুদ্ধিমাত্রেন্দ্রিয়ম্। কর্ম্মেন্দ্রিয়ং কর্ম্মমাত্রেন্দ্রিয়ম্। ইন্দ্রিয়পদযোগরূঢ়তামাহ—ইন্দ্রস্যাত্মন ইতি। নচেদং যৌগিকং তথা সতি বুদ্ধ্যহঙ্কারয়োরপীন্দ্রিয়ত্বং স্যাৎ। বক্ষ্যতি অষ্টাবিংশকারিকায়ামিতি শেষঃ। ইতি ষড়্বিংশ-কারিকার্থবিবৃতিঃ। ২৬।

তত্ত্বকৌমুদী।

একাদশকমিন্দ্রিয়মাহ।

উভয়াত্মকমত্র মনঃ সঙ্কল্পকমিন্দ্রিয়ঞ্চ সাধর্ম্ম্যাৎ।
গুণ-পরিণাম-বিশেষান্নানাত্বং বাহ্যভেদাশ্চ॥ ২৭॥

অনুবাদ।

মন—জ্ঞানেন্দ্রিয় এবং কর্ম্মেন্দ্রিয় উভয়স্বরূপ। সঙ্কল্প—সম্যক্ কল্পনা—

মনের বৃত্তি। সাত্ত্বিক অহঙ্কার হইতে উৎপন্ন বলিয়া মনও একটী ইন্দ্রিয়। যেমন ত্রিগুণের পরিণামবিশেষের অনুসারে ঘট পট প্রভৃতি বস্তু নানাবিধ, সেইরূপ ইন্দ্রিয়ও নানাবিধ হইয়া থাকে। ২৭।

ব্যাখ্যা।

জ্ঞানেন্দ্রিয়ের কার্য্যেও মন সহায় এবং কর্ম্মেন্দ্রিয়ের কার্য্যেও মন সহায়; মনের সাহায্য না পাইলে, জ্ঞানেন্দ্রিয় জ্ঞান জন্মাইতে পারে না, কর্ম্মেন্দ্রিয় কর্ম্মসাধনে সমর্থ হয় না, এই কারণে—মনকে উভয় ইন্দ্রিয়স্বরূপ বলা হইয়াছে। সঙ্কল্প—মনের লক্ষণ। সঙ্কল্প বা সম্যক্ কল্পনা অর্থে সাধারণ ও অসাধারণ রূপে বস্তুনিশ্চয়; যথা—ইহা ঘট—এই নিশ্চয়, ঘটের সাধারণ মৃত্তিকারূপ এবং অসাধারণ কম্বুগ্রীবারূপ অর্থাৎ বিশেষ আকার, উভয় রূপকে গ্রহণ করিয়াই উদিত হয়। মতান্তরে সঙ্কল্প অর্থে সংশয়, বিষয়নিশ্চয়ই অধ্যবসায় অর্থাৎ বুদ্ধি-ধর্ম্ম। সেরূপ সঙ্কল্প কিন্তু তত্ত্বকৌমুদীর অভিপ্রেত নহে। অদৃষ্ট ত্রিগুণেরই অবস্থা-বিশেষ। সেই অদৃষ্টবিশেষবশতই—ইন্দ্রিয় এতপ্রকার; গুণের অবস্থাভেদ বশতই ত ঘটপটাদি বস্তুও বিবিধ হয়। পার্থক্যের মধ্যে, ইন্দ্রিয়গণের উপাদান একরূপ, সহকারিকারণ অদৃষ্টের প্রভেদ আছে বলিয়া ইন্দ্রিয়গণ নানারূপ হয়; ত্রিগুণের ন্যূনাতিরেকহেতু ঘট পট ইত্যাদির উপাদান-কারণেই প্রভেদ আছে বলিয়া ঘট পটাদির ভেদ। ২৭।

তত্ত্বকৌমুদী।

একাদশস্থ ইন্দ্রিয়েষু মধ্যে মন উভয়াত্মকং বুদ্ধীন্দ্রিয়ং কর্ম্মেন্দ্রিয়ঞ্চ, চক্ষুরা-দীনাং বাগাদীনাঞ্চ মনোঽধিষ্ঠিতানামেব স্ব-স্ববিষয়েষু প্রবৃত্তেঃ। তৎ অসাধারণেন রূপেণ লক্ষয়তি সঙ্কল্পকং মন ইতি, সঙ্কল্পেন রূপেণ মনো লক্ষ্যতে, আলোচিতমিন্দ্রিয়েণ বস্ত্বিদমিতি সম্মুগ্ধমিদমেবং নৈবমিতি সম্যক্ কল্পয়তি, বিশেষণ-বিশেষ্যভাবেন বিবেচয়তীতি যাবৎ। যদাহুঃ,—

"সম্মুগ্ধং বস্তুমাত্রন্তু প্রাগ্গৃহ্ণন্ত্যবিকল্পিতম্।
তৎ সামান্য-বিশেষাভ্যাং কল্পয়ন্তি মনীষিণঃ॥"

তথাহি,—

অস্তি হ্যালোচনজ্ঞানং প্রথমং নির্বিকল্পকম্।
বালমূকাদি-বিজ্ঞান-সদৃশং মুগ্ধবস্তুজম্॥ ইতি

ততঃ পরং পুনর্ব্বস্তু-ধর্ম্মৈর্জ্জাত্যাদিভির্যয়া।
বুদ্ধ্যাবসীয়তে সা হি প্রত্যক্ষত্বেন সম্মতা॥

সোঽয়ং সঙ্কল্প-লক্ষণো ব্যাপারো মনসঃ সমানাসমান-জাতীয়াভ্যাং ব্যবচ্ছিন্দন্ মনো লক্ষয়তি। স্যাদেতৎ, অসাধারণ-ব্যাপার-যোগিনৌ যথা মহদহঙ্কারৌ নেন্দ্রিয়মেবং মনোঽপ্যসাধারণব্যাপার-যোগি নেন্দ্রিয়ং ভবিতুমর্হতীত্যত আহ ইন্দ্রিয়ঞ্চ, কুতঃ সাধর্ম্ম্যাৎ ইন্দ্রিয়ান্তরৈঃ, সাত্ত্বিকাহঙ্কারোপাদানত্বঞ্চ সাধর্ম্ম্যং, নতু ইন্দ্রলিঙ্গত্বং মহদহঙ্কারয়োরপ্যাত্মলিঙ্গত্বেনেন্দ্রিয়ত্বপ্রসঙ্গাৎ। ব্যুৎপত্তিমাত্রমিন্দ্রলিঙ্গত্বং, নতু প্রবৃত্তিনিমিত্তম্। অথ কথং সাত্ত্বিকাহঙ্কারাদেকস্মাদেকাদশেন্দ্রিয়াণীত্যত আহ গুণপরিণামবিশেষান্নানাত্বং বাহ্যভেদাশ্চ শব্দাদ্যুপভোগসম্প্রবর্ত্তকাদৃষ্ট-সহকারিভেদাৎ কার্য্যভেদঃ, অদৃষ্টভেদোঽপি গুণপরিণাম এব। বাহ্যভেদাশ্চেতি দৃষ্টান্তার্থং, যথা বাহ্যভেদাস্তথৈতদপীত্যর্থঃ॥ ২৭॥

পূর্ণিমা।

কারিকাস্থমত্রেতি পদং ব্যাচষ্টে— একাদশস্থ ইন্দ্রিয়েষু মধ্যে ইতি। মনো বুদ্ধীন্দ্রিয়ং বুদ্ধীন্দ্রিয়কার্য্যজনকসংযোগাশ্রয়ত্বাৎ চক্ষুরাদিবৎ, মনঃ কর্ম্মেন্দ্রিয়ং কর্ম্মেন্দ্রিয়কার্য্যজনকসংযোগাশ্রয়ত্বাদ্বাগিন্দ্রিয়াদিবৎ, ইত্যনুমানাভ্যাং মনস উভয়াত্মকত্বসিদ্ধিঃ। বস্তু ইদমিতীতি সম্মুগ্ধস্থ পরিচয়ায়। অত্র সম্মুগ্ধমিতি ক্রিয়াবিশেষণম্, উত্তরত্র তু বস্তুমাত্রবিশেষণম্, করচরণশাখাদিরূপবিশেষধর্ম্মাবচ্ছিন্নাবিষয়কত্বং জ্ঞানে সম্মুগ্ধত্বমিতি ভাবঃ। ইদমেবমিতি ইদং বস্তু 'এবম্' ঈদৃক্স্বরূপং, 'নৈবং' ন পুনঃ প্রকারান্তরম্। যস্য বিষয়স্য করচরণশাখাদিরূপবিশেষধর্ম্মো ন গৃহীতঃ সোঽপি সম্মুগ্ধো মুগ্ধ ইতি চ ব্যপদিশ্যতে। অবিকল্পিতম্ ইতরব্যাবর্ত্তকপুরুষত্বাদিধর্ম্মাবচ্ছিন্নপ্রকারতাশূন্যমিতি গৃহ্ণন্তীতি ক্রিয়াবিশেষণম্। প্রকারতাদিশূন্যমিতি কশ্চিৎ, তন্ন, নির্ব্বিকল্পস্য ইদং বস্ত্বিত্যাকারকত্বাসম্ভবাৎ, অবিকল্পিতং নির্ব্বিকল্পকম্। সামান্য-বিশেষাভ্যামিতি সামান্যং সাধারণধর্ম্মঃ পুরুষত্বাদিরূপঃ, বিশেষোঽসাধারণধর্ম্মঃ বিলক্ষণাবয়বসন্নিবেশাদিরূপঃ, ততঃ পরম্ আলোচনসঙ্কল্পাভিমানানন্তরং যয়া বুদ্ধ্যা জাত্যাদিভির্ধর্ম্মৈঃ জাত্যাদিপ্রকারেণ বিষয়-পুরুষব্যাপারোপরাগেণ বস্তু অবসীয়তে ফলীভূতনিশ্চয়বিষয়ীভবতি সা বুদ্ধিঃ, বুদ্ধিবৃত্তিঃ প্রত্যক্ষমিত্যর্থঃ। অথবা ততঃ পরম্ আলোচনাৎ পরং যয়া বুদ্ধ্যা মনোবৃত্তিরূপয়া অন্তঃকরণবৃত্তিরূপয়েতি ফলিতম্; জাত্যাদি-প্রকারেণ বস্তু অবসীয়তে সা বৃত্তিঃ প্রত্যক্ষমিত্যর্থঃ। অসাধারণব্যাপারেতি জ্ঞানরূপকার্য্যং

প্রতীতরব্যাবৃত্তব্যাপারযোগিনাবিত্যর্থঃ। তথাচাসাধারণজ্ঞানব্যাপারবত্ত্বমিন্দ্রিয়ত্ব-ব্যভিচারীতি ন তেন সাধনেন মনস ইন্দ্রিয়ত্বসিদ্ধিঃ কিন্তু ইন্দ্রিয়ান্তরসাধর্ম্ম্যেণ তস্যেন্দ্রিয়ত্বসিদ্ধিরিতি ভাবঃ। নচ মনস উভয়াত্মকত্বসিদ্ধেরেবেন্দ্রিয়ত্বে সিদ্ধে পুনস্তস্যেন্দ্রিয়ত্বসাধনমনুচিতম্ ইতি বাচ্যম্, উভয়াত্মকত্বাদেব নৃসিংহস্য সিংহতো বৈলক্ষণ্যবত্তস্যাপীন্দ্রিয়তো বৈলক্ষণ্যং স্যাদিত্যাশঙ্কয়া বিশেষেণ তৎসাধন-স্যৈবৌচিত্যাৎ। প্রবৃত্তিনিমিত্তং শক্যতাবচ্ছেদকম্। বাহ্যভেদাঃ ঘটপটাদিরূপ-স্থূলপদার্থানাং মিথোভেদা ইব দৃষ্টান্তদার্ষ্টান্তিকয়োরেতাবাংস্তু বিশেষো যদেকস্যোপাদানগুণবৈষম্যবিরহেঽপি সহকারিণো গুণবৈষম্যস্যাদৃষ্টনাম্নো ভেদা-চ্ছেদঃ, অন্যস্য তূপাদানগুণবৈষম্যভেদাদপীতি ধ্যেয়ম্। ইতি সপ্তবিংশকারিকার্থ-বিবৃতিঃ। ২৭।

তত্ত্বকৌমুদী।

তদেবমেকাদশেন্দ্রিয়াণি স্বরূপত উক্ত্বা দশানামসাধারণীর্বৃত্তীরাহ।

শব্দাদিষু পঞ্চানামালোচনমাত্রমিষ্যতে বৃত্তিঃ।
বচনাদানবিহরণোৎসর্গানন্দাশ্চ পঞ্চানাম্॥ ২৮॥

অনুবাদ।

শব্দাদির আলোচনই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের বৃত্তি। বচন, গ্রহণ, গমন, উৎসর্গ এবং আনন্দ—পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ের বৃত্তি। ২৮।

ব্যাখ্যা।

শ্রোত্র ইন্দ্রিয়ের বৃত্তি শব্দ-আলোচন, ত্বগিন্দ্রিয়ের বৃত্তি স্পর্শ-আলোচন, চক্ষু-ইন্দ্রিয়ের বৃত্তি রূপ-আলোচন, রসনার রস-আলোচন এবং ঘ্রাণের গন্ধ-আলোচন। আলোচন অর্থে বিশেষ পরিচয়শূন্য সামান্য জ্ঞান। একটা শব্দ কর্ণে গেল, তুমি বুঝিলে—একটা শব্দ বটে, কিন্তু তাহা কোন লোকের কথা কি পশুর চীৎকার অথবা বাদ্যধ্বনি তাহা বুঝিলে না; শব্দমাত্র বুঝিলে, ঐরূপ যেটুকু বুঝা হইল, তাহা আলোচন। দূরের বস্তু দেখিয়া বুঝিলে,—বস্তু বটে; কিন্তু তাহা মনুষ্য কি বৃক্ষ কিছুই বুঝিলে না। ঐ যে বস্তু এই একটা জ্ঞান, উহা আলোচন। বিশেষ পরিচয় যেটুকু, তাহা সঙ্কল্প—মনের ধর্ম্ম। বাগিন্দ্রিয় কম্পিত হইয়া অভিঘাত করিলে বর্ণের উৎপত্তি হয়—সেই যে কম্পন বা স্পন্দন তাহার নাম বচন। গ্রহণ ও গমন—হস্তপদের কর্ম্ম, ইহা

প্রত্যক্ষসিদ্ধ ; মল বহির্গমনের জন্য পায়ু ইন্দ্রিয়ের যে স্পন্দন, তাহাই উৎসর্গ। আনন্দের অর্থও আনন্দহেতু কর্ম্মবিশেষ—তাহাও স্পন্দন মাত্র। ২৮।

তত্ত্বকৌমুদী।

বুদ্ধীন্দ্রিয়াণাং সম্মুগ্ধবস্তুদর্শনমালোচনমাত্রমুক্তম্। বচনাদানবিহরণোৎসর্গানন্দাশ্চ পঞ্চানাং কর্ম্মেন্দ্রিয়াণাম্। কণ্ঠতাল্বাদিস্থানমিন্দ্রিয়ং বাক্, তস্যা বৃত্তির্বচনম্। স্পষ্টমন্যৎ ॥ ২৮ ॥

পূর্ণিমা।

শব্দালোচনং শ্রোত্রেন্দ্রিয়বৃত্তিঃ, স্পর্শালোচনং ত্বচঃ, বচনকর্ম্ম বাগিন্দ্রিয়স্য ইত্যেবংরীত্যা দশেন্দ্রিয়াণাং দশ বিশেষবৃত্তয়ো ভবন্তি। শব্দালোচনবত্ত্বং শ্রোত্রত্বং, বচনবত্ত্বং বাগিন্দ্রিয়ত্বমিত্যাদিকং লক্ষণমূহ্যম্। বচনং বর্ণোৎপত্তিপ্রয়োজকব্যাপারঃ, সচ বাগিন্দ্রিয়নিষ্ঠঃ কর্ম্মবিশেষঃ, তেন কণ্ঠতাল্বাদ্যভিঘাতদ্বারা বর্ণোহভিব্যজ্যতে। আদানং মমেদং ভবত্বিতীচ্ছাপ্রযোজ্যো গ্রাহ্যবস্তুনিষ্ঠসংযোগানুকূলব্যাপারঃ, সচ পাণীন্দ্রিয়স্য কর্ম্মবিশেষঃ, প্রযোজ্যান্তোপাদানাৎ গ্রাহ্যবস্তুনা সহাবয়বান্তরসংযোগং প্রতি তদবয়বকর্ম্মাদেরনুকূলত্বেঽপি ন ক্ষতিঃ ; মমেদং ভবত্বিতীচ্ছয়া গমনস্যাদানরূপতাবারণায় গ্রাহ্যবস্ত্বিত্যাদি বিশেষ্যাদলম্। বিহরণম্ উত্তরদেশসংযোগবিশেষানুকূলব্যাপারঃ, সচ সংযোগঃ হস্তাদিব্যাবৃত্তো দেশক্রিয়াজন্যসংযোগাদিব্যাবৃত্তশ্চ। উৎসর্গঃ পুরীষনিঃসরণানুকূলব্যাপারভেদঃ, ভেষজপ্রয়োগাদিরূপব্যাপারবিলক্ষণঃ ; আনন্দঃ আনন্দজনকসংযোগানুকূলব্যাপারবিশেষঃ। সর্ব্বত্রৈব চেষ্টা কর্ম্মেন্দ্রিয়ব্যাপার ইতি ধ্যেয়ম্। ইত্যষ্টাবিংশ-কারিকার্থবিবৃতিঃ। ২৮।

তত্ত্বকৌমুদী।

অন্তঃকরণত্রয়স্য বৃত্তিমাহ।

স্বালক্ষণ্যং বৃত্তিস্ত্রয়স্য সৈষা ভবত্যসামান্যা।
সামান্যকরণবৃত্তিঃ প্রাণাদ্যা বায়বঃ পঞ্চ ॥ ২৯ ॥

অনুবাদ।

অন্তঃকরণত্রয়ের স্ব স্ব লক্ষণই (অধ্যবসায়, অভিমান ও সঙ্কল্পই) অসাধারণ বৃত্তি। প্রাণাদি বায়ুপঞ্চক সেই অন্তঃকরণত্রয়ের সাধারণ বৃত্তি। ২৯।

ব্যাখ্যা ।

এক একটী অন্তঃকরণের এক একটী বৃত্তি, যথা—বুদ্ধির অধ্যবসায়, অহ-ঙ্কারের অভিমান এবং মনের সঙ্কল্প। আর তিন অন্তঃকরণের সাধারণ বৃত্তি প্রাণাদি। প্রাণাদি বায়ু নহে ; রাজসিক বৃত্তি মাত্র, তবে তাহাদিগকে বায়ু বলা হয়—বায়ুর ন্যায় কার্য্য দেখিয়া। ২৯।

তত্ত্বকৌমুদী।

স্বালক্ষণ্যং বৃত্তিস্ত্রয়স্য, স্বমসাধারণং লক্ষণং যেষাং তানি স্বলক্ষণানি মহদহঙ্কারমনাংসি, তেষাং ভাবঃ স্বালক্ষণ্যং, তচ্চ স্বানি লক্ষণান্যেব ; তদ্‌যথা মহতোঽধ্যবসায়ঃ, অহঙ্কারস্যাভিমানঃ, সঙ্কল্পো মনসো বৃত্তির্ব্যাপারঃ। বৃত্তি-দ্বৈবিধ্যং সাধারণাসাধারণত্বাভ্যামাহ সৈষা ভবত্যসামান্যা অসাধারণী। সামান্য-করণবৃত্তিঃ প্রাণাদ্যা বায়বঃ পঞ্চ। সামান্যা চাসৌ করণবৃত্তিশ্চেতি, ত্রয়াণামপি করণানাং পঞ্চ বায়বঃ জীবনং বৃত্তিঃ, তদ্ভাবে ভাবাৎ তদভাবে চাভাবাৎ। তত্র প্রাণো নাসাগ্রহৃন্নাভিপাদাঙ্গুষ্ঠবৃত্তিঃ। অপানঃ কৃকাটিকাপৃষ্ঠপাদপায়ু-পস্থপার্শ্ববৃত্তিঃ। সমানো হৃন্নাভিসর্ব্বসন্ধিবৃত্তিঃ। উদানো হৃৎকণ্ঠতালুমূর্দ্ধ-ভ্রূমধ্যবৃত্তিঃ। ব্যানস্ত্বগ্‌বৃত্তিরিতি পঞ্চ বায়বঃ ॥ ২৯ ॥

পূর্ণিমা।

সামান্যেতি ন করণবিশেষণং কিন্তু করণবৃত্তেরিতি স্পষ্টয়িতুং সমাসবিগ্রহং দর্শয়তি সামান্যেতি। জীবনমিতি পঞ্চবায়ব ইত্যস্য বিবরণম্। বৃত্তির্ব্যাপারঃ। কথং জীবনস্যান্তঃকরণব্যাপারত্বমিত্যাশঙ্ক্য তত্রান্বয়ব্যতিরেকৌ দর্শয়তি তদ্ভাব ইতি। অন্তঃকরণসত্ত্বে জীবনসত্ত্বাদন্তঃকরণাসত্ত্বে জীবনাসত্ত্বাচ্চেত্যর্থঃ। নমু জীবনং মহত্ত্বস্যৈব বৃত্তিরাস্তাং নতু মনোঽহঙ্কারয়োরপি নিষ্প্রয়োজনকত্বাদিতি চেন্ন, বিনিগমনাবিরহেণান্তঃকরণত্বসামান্যস্য জীবনজনকতাবচ্ছেদকত্বে নিরাবাধতয়া তস্য মনোঽহঙ্কারসাধারণবৃত্তিত্বাভ্যুপগমাৎ ; নচ জীবনং প্রতি করণত্বেন হেতুত্বে বাধকাভাবেন প্রাণাদীনাং বাগিন্দ্রিয়সাধারণবৃত্তিত্বাপত্তিরিতি বাচ্যং, বাহ্যেন্দ্রিয়েষু সাক্ষাদ্বাহ্যবিষয়সম্বন্ধমাত্রজন্যবৃত্তিকত্বনিয়মেন প্রাণাদিবৃত্তিকত্বাসম্ভবাৎ, করণত্ব-সামান্যস্য প্রাণাদিজনকতায়া অতিপ্রসক্তত্বেনানবচ্ছেদকত্বাৎ, করণত্বস্যানুগত-রূপত্বাভাবাচ্চ ; অন্তঃকরণত্বরূপানুগতধর্ম্মস্য তু ইতরব্যাবর্ত্তকধর্ম্মাবচ্ছিন্নপ্রকারতা-শালিজ্ঞানজনকতাবচ্ছেদকতয়া সিদ্ধৌ বাধকাভাবাৎ। বায়ুসাদৃশ্যাৎ প্রাণাদীনাং বায়ুসংজ্ঞা, নতু বস্তুগত্যাপি তেষাং বায়ুত্বং, তথাত্বে "এতস্মাজ্জায়তে প্রাণো মনঃ

সর্ব্বেন্দ্রিয়াণি চ। খং বায়ুর্জ্যোতিরাপশ্চ পৃথ্বী বিশ্বস্য ধারিণী"তি শ্রুতৌ প্রাণ ইতি বায়ুরিতি চ পৃথগুপাদানমসঙ্গতম্; আদৌ প্রাণপদোপাদানং ক্রমবিরুদ্ধঞ্চ স্যাৎ। তস্মাদন্তঃকরণরজঃপরিণামঃ স্পন্দনবিশেষ এব প্রাণাঃ। তদনুকূলপ্রযত্নস্তু বুদ্ধিমাত্রবৃত্তিঃ। ইতি নিরবদ্যম্। ইত্যেকোনত্রিংশকারিকার্থবিবৃতিঃ। ২৯।

অসাধারণীষু বৃত্তিষু ক্রমাক্রমৌ সপ্রকারাবাহ।

যুগপচ্চতুষ্টয়স্য তু বৃত্তিঃ ক্রমশশ্চ তস্য নির্দ্দিষ্টা।
দৃষ্টে তথাপ্যদৃষ্টে ত্রয়স্য তৎপূর্ব্বিকা বৃত্তিঃ ॥ ৩০ ॥

অনুবাদ।

